কালনামে
রাগিব

CamScanner

Presented by
Mr. M. F. Khan, T. Q. A.,
D. P. I., East Pakistan.

416/69

THE TEACHERS' TRAINING COLLEGE
LIBRARY
DACCA

CamScanner

কালামে রাগিব

Presented by
Mr. M. F. Khan, T. O. A.,
D. P. I., East Pakistan.

THE TEACHERS' TRAINING COLLEGE
LIBRARY
DACCA.

CamScanner

কালামে রাগিব

THE TEACHERS' TRAINING COLLEGE
LIBRARY
DACCA.

Presented by
Mr. M. F. Khan, T. O. A.,
D. P. I., East Pakistan

অনুবাদ

মনির উদ্দীন ইউসুফ

বাঙলা একাডেমী : বর্ধমান হাউস : ঢাকা

প্রথম প্রকাশ : জ্যৈষ্ঠ, ১৩৭৩
[জুন, ১৯৬৬]

11,788

প্রচ্ছদপট : আবদুর রউফ

[বাঙ্‌লা একাডেমী কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত]

ফজলে রাব্বি, প্রকাশনাধ্যক্ষ, বাঙ্‌লা একাডেমী, ঢাকা—২ কর্তৃক প্রকাশিত এবং রুহুল আমিন কর্তৃক বিসমিল্লাহ্ প্রিন্টিং প্রেস, ১২, হাজী মাইনুদ্দীন রোড, (মালিটোলা) ঢাকা—১ (পূর্ব পাকিস্তান) থেকে মুদ্রিত। মূল্য : তিন টাকা পঞ্চাশ পয়সা।

CamScanner

Presented by
Mr. M. F. Khan, T. Q. A.
D. P. I., East Pakistan

প্রসঙ্গ-কথা

বিশ শতকের সূচনায় বাংলার মুসলমান যখন দ্বিধার সঙ্গে ইংরেজী শিক্ষার দিকে এগিয়ে যাচ্ছেন, অথচ তাঁর সাংস্কৃতিক জীবনের উৎস ও উৎকর্ষের ভাষা যে আরবী-ফারসী তার সঙ্গেও যোগসূত্র ছিন্ন হয়ে যায়নি, সৈয়দ নিজামুদ্দীন রাগিব তখনকারই এক বাঙালী ফারসী-উর্দূ কবি। মুসলিম-বাংলার নিকট-অতীতের সম্পূর্ণ পরিচয় পেতে হলে উনিশ-বিশ শতকের মুসলমান রচিত বাংলা-সাহিত্যের নিদর্শন গুলির খোঁজ করলেই শুধু চলবে না তাঁদের ফারসী-উর্দূ রচনাগুলিরও সন্ধান নিতে হবে,—বাঙলা একাডেমী এ-বিষয়ে সচেতন। রাগিবের প্রায় সমসাময়িক কিন্তু বয়সে কিছু বড় পূর্ব-বাংলার আরেকজন শক্তিশালী উর্দূ কবি, খালেদ বাঙালীর রচনার এক পাণ্ডুলিপিও বাঙলা একাডেমী সংগ্রহ করেছেন। যথাসময়ে মূলসহ তার অনুবাদও প্রকাশিত হবে। রাগিবের এই সঙ্কলন প্রকাশ উপলক্ষে তাঁর পুত্র জনাব সৈয়দ কেয়ামুদ্দিনকে বাঙলা একাডেমীর পক্ষ থেকে আমি কৃতজ্ঞতা জানাচ্ছি; কবির রচনার পাণ্ডুলিপি আমরা তাঁর কাছ থেকেই পেয়েছি।

রাগিব ১৮৯৬ খ্রীস্টাব্দে চব্বিশ পরগণা জেলার টিটাগড়ের সন্নিকটবর্তী কাজীপাড়ায় জন্মগ্রহণ করেন। তাঁর পিতা ঐ অঞ্চলের বিশিষ্ট ভূস্বামী ছিলেন। কলিকাতা মাদ্রাসায় পড়ার সময় রাগিব অনেক ভালো ভালো আলেমের ও আরবী-ফারসী জানা শিক্ষকের সঙ্গ লাভ করেছিলেন বলে জানা যায়। যৌবনারম্ভেই রাগিব ফারসীতে কবিতা লিখতে শুরু করেন। পরবর্তী কালে তিনি উর্দূতেও কবিতা লিখেছিলেন।

এই সঙ্কলনে তাঁর কতকগুলি ফারসী-উর্দূ গজলেরও কতিপয় তারিখ নির্দেশক 'কাতা'র অনুবাদ মূলসহ প্রকাশিত হ'ল।

রাগিবের ফারসী রচনা কবি হাফিজের গজলের কথা মনে করিয়ে দেয়। বস্তুতঃ রাগিব হাফিজকেই কবিগুরু বলে গ্রহণ করেছিলেন। কবির উর্দূ রচনার উপর মীর তকীর প্রভাব পড়েছে বলে মনে হয়।

রাগিব প্রথম থেকেই মরমী ভাবধারার কবি। কিন্তু তাঁর মরমীবাদ জীবনের বহিরঙ্গকে অস্বীকার করে নয়। শেষ বয়সে কবিকে যাঁরা দেখেছেন, তাঁরা বলেছেন যে, সে সময় তিনি প্রকৃত ধার্মিক মুসলমানের মতো শরীয়তের নির্দেশাবলীর অনুবর্তিতায় অধ্যাত্ম চিন্তায় ডুবে ছিলেন। এই সঙ্কলনের 'নামাজ' সম্পর্কিত উর্দু গজলটি তার নিদর্শন। রূপ থেকে অরূপের দিকে যাত্রার যে সাধনা কবির অন্যতম মুখ্য ব্যাপার ছিল, তাঁর কবিতায়ও তার প্রকাশ ঘটেছে। প্রায় সকল কবিতায়ই এই ভাব-সূত্র অনুস্যূত দেখা যায়। প্রতিনিধিত্বমূলক এমন কয়েকটি পংক্তি উদ্ধৃত করছি ঃ

সেই আলোর প্রশংসা যা সূর্যরশ্মিরূপে
ওই ঊষার মুখ মণ্ডলকে প্রকাশ করেছে ;
সেই আকাঙ্ক্ষার তারিফ, যার ফলে হৃদয়ের তমিস্রায়
আলো প্রকাশ হয়েছে
সেই সন্ধ্যার জয়, যার প্রদোষ লায়লাতুল কদরকে
দান করেছে অধিকতর দীপ্তি।
যে কস্তুরী-বাসিত কেশকলাপ থেকে পূবালী হাওয়ার
সমারোহ খুলবে বলে আশা করেছিলাম,
আহা, সেই কেশের বন্ধন-ফাঁসে হৃদয়ের
কত রক্তই না ঝরলো।

১৯৫৯ সালের ডিসেম্বর মাসে ঢাকায় কবি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

জনাব মনির উদ্দীন ইউসুফ রাগিবের উর্দু ও ফারসী কবিতাগুলি বাংলায় অনুবাদ করেছেন। তিনি ইতিপূর্বে 'ইকবালের কাব্য সঞ্চয়ন', 'দেওয়ানই গালিব' প্রভৃতির অনুবাদেও যথেষ্ট কৃতিত্বের পরিচয় দিয়েছেন। বর্তমানে তিনি শাহনামা অনুবাদের কাজে সচেষ্ট রয়েছেন। বাঙলা একাডেমী অচিরেই তা পাঠকের খেদমতে পেশ করার আশা রাখে।

সৈয়দ আলী আহসান
পরিচালক ঃ বাঙলা একাডেমী

CamScanner

THE TEACHERS' TRAINING COLLEGE
LIBRARY
DACCA.

Presented by
Mr. M. F. Khan, T. Q.
D. P. I., East Pakistan.

CamScanner

CamScanner

THE TEACHERS' TRAINING COLLEGE
LIBRARY
DACCA.

Presented by
Mr. M. F. Khan, T Q A
D. P. I., East Pakistan

تضمین

(۱)

بر غزل خواجه حافظ شیرازی رحمة الله علیه

فدای شیوهٔ الطاف عاست باد محفلها
نثار بادهٔ جاں بخش و جاں افزائے تو دلها
تصدق بر تو دین و آنچه از دین ست حاصلها

الا یا ایها الساقی ادر کاسا و ناولها
که عشق آساں نمود اول ولے افتاد مشکلها

بنورے کاں سحر رخ از شعاع مہر بنماید
بذوقے کاں شب امید در دلها پدید آید
بشامے کز سوادش لیلة القدر صفاز اید

به بوئے نافهٔ کاخر صبا زاں طره بکشاید
زتاب جعد مشکینش چه خوں افتاد در دلها

شنیدن را نشاید هرچه در تقوی جهاں گوید
پزیرفتن نباید گر ترا شیخ الزماں گوید
همیں با بربط و نے مئے فروش رازداں گوید

بمے سجاده رنگیں کن گرت پیر مغاں گوید
که سالک بے خبر نبود ز راه و رسم منزلها

مضاعف میشود در وادی الفت جنوں هر دم
تپش در خاطر وحشی همیگردد فزوں هر دم
رباید یاس از دل طاقت وصبر و سکوں هر دم

مرا در منزل جاناں چه امن وعیش چوں هر دم
جرس فریاد میدارد که بربندید محملها

هجوم یاس وحرماں جوشش خوابے چنیں هایل
شکسته کشتی امید و سیلابے چنیں هایل
عبور آساں چه پنداریم از آبے چنیں هایل

شب تاریک و بیم موج و گردابے چنیں هایل
کجا دانند حال ما سبکساران ساحلها

شد از فوز مقاصد خاطر من ناأمید آخر
گل حرماں بگلزار تمنا بر دمید آخر
جمال شاهد مقصود چشم من ندید آخر

همه کارم زخود کامی به بدنامی کشید آخر
نہاں کے ماند آں رازے کزو سازند محفلها

بگوید راغب شیریں سخن پندے شنو حافظ
ره تسلیم در گیرد در دیگر مرو حافظ
بدست آر از تقرب امن و عیش لو بنو حافظ

حضوری گرهمی خواهی ازو غائب مشو حافظ
متی ماتلق من تهوی دع الدنیا و امهلها

CamScanner

(১)

[দীওয়ানে হাফিজের প্রথম গজলের পংক্তিগুলিকে মধ্যবর্তী করে রচিত। ফারসীতে এমন কবিতাকে 'তাজমীন' বলা হয়। তাজমীন অর্থ মধ্যবর্তীকরণ। প্রত্যেক পদবন্ধের শেষ দু'টি চরণ হাফিজের।]

আসরগুলি মানব প্রেমে উদ্বেলিত হোক,
তোমার প্রাণ-দায়ী ও উৎসাহ বর্ধনকারী সুরা
উৎসর্গীকৃত হোক বিশ্বজনার প্রতি।
ধর্ম ও ধর্ম থেকে প্রাপ্ত সম্পদ সমূহ
তোমার উপর উৎসৃষ্ট হোক ;
হে সাকী, অবহিত হও, মণ্ডলে পান-পাত্র আন
ও তা থেকে দান কর,
কারণ, প্রেম প্রথমে সহজ মনে হয়েছিল
এখন তার জটিলতা উপলব্ধি করছি।

সেই আলোর প্রশংসা, যা সূর্যরশ্মিরূপে
ওই উষার মুখমণ্ডলকে প্রকাশ করেছে,
সেই আকাঙ্ক্ষার তারিফ, যার ফলে হৃদয়ের তমিস্রায়
আলো প্রকাশিত হয়েছে।
সেই সন্ধ্যার জয়, যার প্রদোষ লায়লাতুল কদরকে
(মহিমান্বিত রজনী)
দান করেছে অধিকতর দীপ্তি

যে কস্তুরী বাসিত কেশকলাপ থেকে পূবালী হাওয়ার
সমারোহ খুলবে বলে আশা করেছিলাম
আহা, সেই কেশের বন্ধন-ফাঁসে হৃদয়ের
কত রক্তই না ঝরলো !

ধার্মিকের কথা কান গ্রহণ করতে চায় না।
যুগের শেখ (ধর্মবেত্তা) যা কিছু বলেন
হৃদয় তা গ্রহণ করে না।
বাঁশী ও বাদ্য-যন্ত্র সহযোগে তত্ত্বজ্ঞানী
সুরা-বিক্রেতা বলে,—
শুঁড়ীখানার পীর যদি আদেশ করেন তবে
জায়নমাজ সুরা-রঞ্জিত কর,
কারণ, মঞ্জিল সমূহের রীতি-রেওয়াজ সম্পর্কে
সালেক (পথ প্রদর্শক) অনবহিত নন।

প্রেমের উপত্যকায় মত্ততা দিন দিন বৃদ্ধিপ্রাপ্ত হয়,
হৃদয়ে তাপ ও স্বভাবে বন্যতা বেড়ে যায়।
হতাশা সর্বদা হৃদয় থেকে শক্তি ও ধৈর্য হরণ করে ;
প্রেমিকার মঞ্জিলে আমার কি সুখ আর
কিই বা শান্তি,—
যেখানে ঘণ্টা-নিনাদ ডেকে ডেকে বলছে,
মহ্‌মিল (উটের পিঠের আসন) বাঁধ, যাত্রার লগ্ন
সমুপস্থিত।

নৈরাশ্য অকৃতকার্যতা ও ভয়ঙ্কর স্বপ্নের
আনাগোনায়
আশা তরীর ভগ্নতা এবং বন্যার এমন ভীষণ তাণ্ডবে,
আর এই ভয়াল জল-প্রবাহের গভীরতা থেকে
তীরে পৌছার কিইবা আশা,
* অন্ধকার রাত উর্মি-সংঘাত এবং ঘূর্ণাবর্তের
এই তুমুল গর্জন
কূলের নিরাপত্তায় যারা আছে তারা কি করে বুঝবে ?

আকাঙ্ক্ষার সফলতা থেকে মন আমার
অবশেষে নিরাশ হয়েছে,
আশা-কাননে গোলাপ আমার শেষ পর্যন্ত
শুকিয়ে গেছে।
আমার বাসনার সাক্ষাৎ সৌন্দর্য পরিণামে আর
চোখে দেখতে পেলাম না ;
আমার সকল উদ্যম শেষ পর্যন্ত স্বার্থপরতার জন্যই
অপবাদের কারণ হলো,
আসর সমূহে যা পরিকীর্তিত হয়েছে সেই রহস্য কি
কখনো গোপন থাকে ?

---

* হাফিজের এই শ্লোকটি নজরুল ইসলাম এইভাবে অনুবাদ করেছেন :
অন্ধকার রাত ঊর্মি-সংঘাত ঘূর্ণাবর্ত তুমুল গর্জে
বেলায় বাস যার বুঝবে ছাই তার পথের ক্লেশ মোর
সমুন্দর যে।

মধুর-বচন রাগেব বলছে, হাফিজের উপদেশ শোন,
সন্তুষ্টির পথ ধর, হে হাফিজ, অন্য পথে পা বাড়িয়ো না।
শান্তি ও সদানন্দ থেকে নতুন নতুন সম্পদ আহরণ কর ;
ওগো হাফিজ, যদি মিলন কামনা কর, তবে
তাঁর কাছ থেকে দূরে থেকো না.
তোমার বন্ধুকে পেতে হলে দুনিয়া ও দুনিয়ার
সবকিছু ত্যাগ করো।

CamScanner

تضمین دیگر

(۲)

بر غزل حضرت شاه عبدالعزیز محدث دهلوی

روئے ندیده ایم زروئے تو خوبتر
گردیده ایم گرچه شب و روز در بدر
هر چار سوست پرتو حسن تو جلوه گر
عالم منورست زنور تو سربسر
بعد از خدا بزرگ توئی قصه مختصر

اے ذات تست باعث ایجاد بحر و بر
گردید خاکدان زوجود تو مفتخر
قمری ست وصف گوئے جمال تو بر شجر
بلبل کند ثنائے تو هر شام و هر سحر
بعد ازخدا بزرگ توئی قصه مختصر

هم حور وهم ملائک و هم جن و هم بشر
از جام عشق توهمه مست اند و بیخبر
بنگر بسوئے راغب بیچاره یک نظر
کز انده فراق تو شد حال او بتر
بعد از خدا بزرگ توئی قصه مختصر

(২)

[শাহ্ আবদুল আজীজ মুহাদ্দিসে দেহ্লবীর একটি গজলের কয়েকটি চরণ মধ্যবর্তী করে রচিত আরেকটি তাজমীন। প্রত্যেক পদবন্ধের শেষ দুটি চরণ দেহলবীর।]

দিনরাত ব্যাকুল হয়ে কত না মুখ অবলোকন করেছি,
কিন্তু তোমার মুখের চাইতে সুন্দরতর মুখ আর
দেখি নি।
চারদিকে তোমার সৌন্দর্যের প্রতিবিম্ব ছড়িয়ে আছে ;

তোমার জ্যোতিতে সারা বিশ্ব আলোকিত হয়েছে,
সংক্ষেপে বলতে গেলে, আল্লাহর পরে তুমিই মহানতম।

ওগো, সমুদ্র ও ভূমির সৃষ্টি তোমারই কারণে,
এই ধরিত্রী তোমারই অস্তিত্বের জন্য গর্বভরে
আকাশ পথে ঘূর্ণ্যমান রয়েছে।
গাছে বসে কপোত তোমার সৌন্দর্যের
প্রশংসা কীর্তন করে,

বুলবুল প্রতি সন্ধ্যায় ও সকালে
তোমার গুণ গান করে,
সংক্ষেপে বলতে গেলে আল্লাহর পরে
তুমিই মহানতম।

হুর ও ফেরেশ্‌তা, জ্বিন ও মানব সকল
তোমার প্রেমের সুরাপানে মত্ত ও বিভোর।
ওগো, করুণার দৃষ্টিতে রাগিবের দিকে
একটু চাও,

তোমার বিচ্ছেদ-বেদনায় তা'র দীনতম অবস্থা,
সংক্ষেপে বলতে গেলে, আল্লাহর পরে
তুমিই মহানতম।

غزل

(۳)

بغاوت دادم از عشرت متاع دین و ایماں را
زبہر یک دو پیمانہ شکستم عہد و پیماں را

بیا ساقی بکامم جرعہ از جام جم بہ فشاں
کہ بویش تازہ می سازد مشام جان مستاں را

حدیث باغ رضواں واعظا تا کے بمن گوئی
سگ کوئے نگارم زاں نخواہم باغ رضواں را

چو بر اوج سخن مرغ خیالم بال بکشاید
خجل سازد مشاہیر نواسنجان ایراں را

اہم راغب لب خود برلب پیمالہ در گلشن
بنوشم بادہ و پر گل کنم من جیب و داماں را

CS CamScanner

(৩)

ভোগের জন্য ধর্ম ও ঈমানের সম্পদ থেকে
আমি মুখ ফিরিয়েছি,
দু'এক পাত্র সুরার জন্য ভেঙে ফেলেছি
আমার প্রতিজ্ঞা।

সাকী, এসো, জামশেদী পাত্র থেকে দু'এক ঢোক
মনের মতো সুরা আমাকে দাও;
যাতে তার ঘ্রাণ আমার মস্তিষ্ককে
পাগল করে দেয়।

ওগো বাগ্মী, স্বর্গোদ্যানের কাহিনী আঙ্গুরের রসে সিক্ত করে
আমার কাছে বর্ণনা কর,
প্রিয়ার গলির কুকুর আমি,
স্বর্গোদ্যানে আমার প্রয়োজন কি?

যখন বাণীর সমুন্নতিতে আমার কল্পনার পাখী
পাখা বিস্তার করে
তখন ইরানের বিখ্যাত কবিগণ লজ্জায় মুখ ঢাকেন।

হে রাগেব, ফুলবনে আমি আমার ওষ্ঠ
পাত্রের ওষ্ঠের সঙ্গে সংলগ্ন করেছি,
পান করছি সুরা এবং আমার আঁচল ও জেব
পূর্ণ করছি গোলাপের ভারে।

دیگر

(۴)

بیا ساقی قدح پر کن زصهبا
به یک دو جرعه مستم کن خدا را

غم دنیا مخور زنہار مے ده
که پیش عاقلاں ہیچ ست دنیا

صبا از بوئے گل شد عنبر افشاں
فلک از شور بلبل شد پر آدا

دمے از دست شاهد باده خوردن
به از تخت جم و اکلیل دارا

غنیمت باشد ایں ایام عشرت
که بیش از چند روزے نیست دردا

نه تنہا راغب اندر وجد و حال ست
که در وجد اند و حالت جمله اشیا

(৪)

সাকী, এসো, আঙুরী মদে পূর্ণ কর পান পাত্র,
আল্লাহর দিব্য, দু'এক ফোঁটা দান করে পাগল করে দাও
আমাকে।

দুনিয়ার দুঃখ কষ্টে বিচলিত না হয়ে মদ্য দাও,
বুদ্ধিমানের কাছে দুনিয়া তুচ্ছ বস্তু।

ভোরের হাওয়া আজ গোলাপের সুবাসে প্রসাধন করেছে,
আকাশ বুলবুলের গানে পরিপূর্ণ।

সাকীর হাতে একমুহূর্তের মদ্য পান
জামশেদের তখ্‌ত ও দারার আসন থেকে মূল্যবান।

আনন্দের এই কয়টি দিন যেন আশীর্বাদ,
কারণ, এই দিনগুলো থেকে বিদায় নিয়েছে দুঃখ।

কেবল গালিবই এখানে প্রমত্ত ও আত্মভোলা নয়,
সকল বস্তুই আপনাতে আপনি বিভোর ও মত্ত।

دیگر

(۵)

بیا ساقی لبالب کن زمے رطل گراں امشب
بزن مطرب نوائے خوش بکام دوستاں امشب

مشام جاں معطر شد زبوئے باد مشک افشاں
دمیده ذوق عشرت در دل پیر و جواں امشب

چرا در گوشۂ معبد چو زاهد معتکف باشم
جبین سائی کنم من بر در پیر مغاں امشب

نهادم در دل خود داغ عشق ساقی مهرو
کنم صرف شراب ارغوانی نقد جاں امشب

زلطف ذوالمنن شہرہ شدی راغب به خوشخوانی
روالم تازه گشته زین کلام در فشاں امشب

(৫)

সাকী, এসো, আজ রাত্রে বৃহৎ পাত্র খানি
কানায়-কানায় ভরে দাও,
গায়ক, আজ রাত্রে তুমি বন্ধুদের মনোমত সঙ্গীত
গান কর।

কস্তুরী-বাসিত হাওয়ার সুগন্ধে মস্তিষ্ক পূর্ণ হোক,
আজ রাত্রে যুবক-বৃদ্ধ সকলের মন ভোগানন্দে চঞ্চল।

ধার্মিকের মতো উপাসনালয়ে কেন বন্দী থাকব,
আজ রাত্রে শুঁড়ীখানার পীরের দুয়ারে মাথা কুটব।

এই হৃদয়ে ধারণ করেছিলাম সাকীর প্রেমের চিহ্ন,
তাই, আজ রাত্রে জীবনের সম্পদ রঙীন সুরায় বিকিয়ে দিব।

হে রাগিব, করুণাময়ের কৃপায় সুন্দর বাণী দ্বারা
তুমি খ্যাতি লাভ করেছ,
আজ রাত্রে সেই মুক্তাবর্ষণকারী বাণী দ্বারা
প্রাণমন আমার সজীব হোল।

CamScanner

دیگر

(۶)

بسکه گریم در فراق روئے جاناں روز و شب
میکنم چوں عندلیباں آه و افغاں روز و شب

چاک می سازم بسان غنچه پیراهن ز غم
می فشانم خون دل از چشم گریاں روز و شب

من نه تنها گردم اندر جستجوئے او مدام
بلکه گردد نیز آں گردون گرداں روز و شب

ذکر آں شاه بتاں کن واعظا در انجمن
می‌کنی بیهوده ذکر حور و غلماں روز و شب

راغب بیچاره یارب شد اسیر دام غم
می کند آه و فغاں در هجر جاناں روز و شب

(৬)

প্রিয়ার বিচ্ছেদে দিনরাত শুধু রোদন করবো,
বুলবুলের মতো দিবারাত্র হাহাকার আর চীৎকারে
নিরত থাকবো।

কুঁড়ির মতো বেদনায় বিদীর্ণ করবো বক্ষঃ-বাস,
দিনরাত চোখ থেকে হৃদয়-রক্ত প্রবাহিত করবো।

আমি একাই শুধু তার খোঁজে ঘুরে মরছি না,
এই আবর্তনশীল আকাশও তেমনি করে দিবারাত্র ঘুরছে।

ওগো বাগ্মী, সুন্দরীদের সেই বাদশার * কাহিনী বর্ণনা কর
অকারণে তুমি দিনরাত কেবল হুর ও গিলমানের কথাই
বলে চলেছ।

আহা, বেচারা রাগিব শোকের জালে বন্দী রয়েছে,
দিনরাত সে প্রিয়ার বিচ্ছেদে রোদন করছে।

---

* সুন্দরীদের বাদশাও নারীই—অর্থ শ্রেষ্ঠ সুন্দরী।

دیگر

(۷)

تازہ می گردد روانم از نسیم کوئے دوست
مست می دارد مدامم نکہت گیسوئے دوست

ماہ و خورشید اقتباس نور کرداند از رخش
بسکہ عالم شد منور از فروغ روئے دوست

پیش حسنش ماہ را نہ بود مجال ہمسری
سرو بستاں را چہ نسبت باقد دلجوئے دوست

یک نگاہ دلفریبش دین و ایمانم ربود
برد از من عقل و ہوش آں نرگس جادوئے دوست

مسکنش گردید راغب رشک فردوس بریں
شد نسیم جانفزا عنبر فشاں از بوئے دوست

(৭)

হৃদয় আমার বন্ধুর গলি থেকে নির্গত
বসন্ত-বাতাসে সতেজ হোল,
বন্ধুর কেশদামের সুবাস নিয়ত আমাকে
পাগল করে রাখে।

চন্দ্র সূর্য তার মুখ থেকে জ্যোতিঃ আহরণ করে,
আহা, সারা বিশ্বই বন্ধুর মুখের দীপ্তিতে
জ্যোতিষ্মান হয়েছে।

চন্দ্র তার সঙ্গে রূপের সমকক্ষতা
দেখাতে পারে না,
ফুলবনের দেবদারু বন্ধুর দেহ-সৌন্দর্যের কাছে তুচ্ছ।

তার হৃদয় গ্রাহী একটি চাউনিই
আমার ধর্ম ও ঈমান কেড়ে নিয়ে গেল,
বন্ধুর নার্গিস সদৃশ চোখের মোহিনী মায়ায়
হরণ করে নিল আমার জ্ঞান ও বুদ্ধি।

তার বাসগৃহ স্বর্গস্থিত ফেরদৌসের ঈর্ষার
উদ্রেক করে,
প্রাণদায়ী বসন্ত বায়ু বন্ধুর দেহের ঘ্রাণে
অম্বর-বাসিত হয়েছে।

CamScanner

دیگر

(۸)

به پیشت خم سر هر صاحب تاج
توئی یارب پناه شاه و محتاج

ثنا خوانت بگلشن بلبلانند
به تسبیح اند کبک و سار و دراج

ز ہے سودائے تو کز عاشقانت
متاع صبر را کردست تاراج

ندارد هر که در دل نور عرفان
سیه بادا دلش چون ظلمت داج

به راغب بخش یک جرعه ز جامت
بسازش مست و بیخود همچو حلاج

CamScanner

(৮)

তোমার সামনে মুকুটধারীর মস্তকও অবনত,
হে প্রভু, তুমি বাদশা ফকীর দুয়েরই আশ্রয়।

ফুলবনে বুলবুল তোমার গুণ গান করে
কপোত, সারস ও তিত্তির জপ করে তোমার নাম।

স্বাগত জানাই সেই মত্ততাকে যা তোমার
প্রেমিকদের থেকে
লুঠ করে নেয় ধৈর্যের সম্পদকে।

যা'র হৃদয়ে বিশ্ব-প্রভুর পরিচয়ের জ্যোতি
অনুপস্থিত,
তার হৃদয় অমানিশির অন্ধকারের মতো
কালো হয়েছে।

হে প্রভু, তোমার পাত্র থেকে এক ফোটা
রাগিবকে দান কর,
এবং তাকে হাল্লাজের মতো পাগল আর
আত্মহারা করে দাও।

CamScanner

دیگر

(۹)

نماید گر شبے آن جان جاں رخ
بگردد منفعل مہ پیش آن رخ

چو بینندش پریرویان عالم
فدا سازند جان و دل بر آن رخ

به پیچ و تاب از آن زلف ست سنبل
به خونِ دل نشسته لاله ز ان رخ

بحمد الله چو نقش لوح سنگین
بود بر لوح جانم نقش آن رخ

اگر آن رخ به بیند عندلیبے
بگرداند ز سوئے بوستاں رخ

بسے دیدم رخ زیبائے خوباں
دلے گاھے ندیدم آنچناں رخ

من اُو را ساعتے راغب چو بینم
نگردانم بسوئے مہوشاں رخ

(৯)

রাত্রি যদি ওই প্রিয়ার মুখ প্রকাশ করে
তবে তার সামনে দিয়ে চাঁদ লজ্জায় নতমুখে
গমন করবে।

ছুনিয়ার স্থন্দরীগণ যদি অবলোকন করে সেই মুখ
তবে তারা তার রূপ দেখে লাজে আত্ম-বিসর্জন
করবে।

তার কেশদামের কুঞ্চন ও তরঙ্গ দেখে
'স্থন্বুল' লতা
মনোছুঃখে তাঁর লালাফুল সদৃশ মুখের দিকে চেয়ে
বসে থাকবে।

আল্লাহর প্রশংসা ! যখন প্রস্তর-ফলকের ছবি
প্রতিবিম্বিত হোল
আমার হৃদয়ে,—তখন দেখা গেল, এ সেই মুখ।

বুলবুল যদি সেই মুখ দেখতে পায়
তবে সে গোলাপ বনের দিক থেকে মুখ ফিরিয়ে নিবে।

বহু সুন্দর মুখ জীবনে দেখেছি,
কিন্তু এমন মুখ প্রত্যক্ষ করিনি কখনও।

রাগিব, যে দিন থেকে তাকে আমি দেখলাম,
সে দিন থেকেই চাঁদের মুখের দিকে চাওয়া
আমার ফুরিয়ে গেল।

CamScanner

دیگر

(۱۰)

هر لاله شد زعکس رخ آن نگار سرخ
وز عکس روئے لاله شده لاله زار سرخ

شکر خدائے پاک که از فیض نو بہار
صحرا ست سبز سر بسر و کوهسار سرخ

حسن و جمال یار بغایت رسید و بس
گردید چوں ز پان لب لعل یار سرخ

چنداں ز درد فرقت او خوں گریستم
کز خون دیده ام شده جیب و کنار سرخ

راغب کنوں به محفل رندان درد نوش
شد ساتگیں ز رنگ مئے خوشگوار سرخ

(১০)

প্রত্যেকটি লালাফুল সেই প্রিয়ার লালমুখের প্রতিবিম্ব,
সেই মুখের প্রতিফলনে প্রান্তর আজ রক্তবর্ণ লালাফুলে
ছেয়ে গেছে।

পরম পবিত্র আল্লাহর প্রশংসা ; নব বসন্তের আগমনে
প্রান্তর আজ সবুজ ও পাহাড় রক্তবর্ণ।

বন্ধুর রূপ-সৌন্দর্য চূড়ান্তভাবে বিকশিত হয়েছে,
তার রঙীন ওষ্ঠাধর আজ তাম্বুল-রাগে রঞ্জিত।

তার বিচ্ছেদ-বেদনায় এত রক্ত-অশ্রু
আমি ঝরিয়েছি
যা'র ফলে রক্তে ভেসে গেছে আমার বক্ষঃ
ও উত্তরীয়।

রাগিব, এখন মাতালদের আসরে মদ্যপানে
রত হও,
তোমার পান-পাত্র মদের মনোহর লাল রঙে
রঙীন হোক।

CamScanner

دیگر

(۱۱)

بصد ناز و ادا امروز یار مہرباں آمد
ز لطف حق بباغ جاں بہار بے خزاں آمد

صبا عنبر فشاں گشتہ زبوئے جا نفزائے اُو
زهر سو شور برپا شد کہ ماہ دلبراں آمد

یکے گوید کہ آمد بر زمین خورشید از گردوں
یکے گوید کہ در عالم گل باغ جناں آمد

یکے گوید کہ حور ست ایں ز جنت در رسید اینجا
یکے گوید کہ سر دست ایں ز سوے بوستاں آمد

بر آمد شور مستی از دل پیر و جواں هر سو
دریدہ جامہ گل در باغ و بلبل در فغاں آمد

چناں شد دفع دردم ناگہ از دیدار اُو گفتی
طبیبے حاذق آمد یا مسیح از آسماں آمد

تعالی اللہ منم سلطان اقلیم سخن راغب
کلامم حرز جان نکتہ سنجان جہاں آمد

(১১)

শত সুন্দর অঙ্গ ভঙ্গী ও গর্ব নিয়ে আজ
করুণাময় বন্ধু এসেছেন,
সত্যের অনুগ্রহে বাগানে আজ হেমন্তহীন
মধু মাসের আগমন হয়েছে।

তা'র প্রাণদায়ী দেহ সৌগন্ধ্যে ভোরের বাতাস আজ
'অম্বর'-বাসিত,
চারদিকে কোলাহল উঠেছে, আগমন করেছেন
মনোহারী চন্দ্র।

একজন বললো, আকাশ ছেড়ে সূর্য মর্ত্যে
আগমন করেছে,
একজন বললো, পৃথিবীতে স্বর্গোদ্যানের
গোলাপের আগমন হয়েছে।

একজন বললো, বেহেশ্‌তের হুর এখানে এসে
উপস্থিত হয়েছে,
একজন বললো, ফুলবন থেকে দেবদারুর
আগমন হয়েছে।

চারদিকে যুবক বৃদ্ধের উন্মত্ত কোলাহল উঠলো,
গোলাপ উন্মুক্ত করলো তা'র বক্ষঃবাস, বুল্‌বুল
করুণ গীতি উচ্চারণ করলো।

তা'র মুখ সন্দর্শনে সহসা আমার বেদনার
উপশম হোল
যেন ধন্বন্তরীর মতো চিকিৎসক এসেছেন, যেন আকাশ থেকে
ঈসা-মসীহের আগমন হয়েছে।

আল্লাহর প্রশংসা! হে রাগিব, আমি বাণী-রাজ্যের
একচ্ছত্র রাজা,
আমার বাণী বিশ্ব কবিদের প্রাণের আরাম রূপে
আগমন করেছে।

دیگر

(۱۲)

امشب نوید وصل مه دلبراں رسید
شکر خدا که مژدهٔ فرحت رساں رسید

می رقصم از نشاط چو طاؤس دمبدم
تا نامه اش بدست من ناتواں رسید

مشک ختن بنافه نہاں گشت از حیا
زاں رو که بوئے طرهٔ عنبر فشاں رسید

کے در رسد به منصب عالی من فقیه
فیضے مرا ز درگهه پیر مغاں رسید

راغب به بزم عیش بگفتم چو ایں غزل
آواز مرحبا ز سوئے آسماں رسید

(১২)

আজ রাত্রে মনোহারী প্রিয়ার মিলনের শুভ সংবাদ
এসে পৌছল,
কৃতজ্ঞ আমি আল্লাহর কাছে, প্রাণের আনন্দ স্বরূপ
শুভ সন্দেশ এসে পৌছল।

আমি ময়ূরের মতো আনন্দে নৃত্য করছি,
কারণ, আমার অক্ষম হাতে পৌঁছেছে তা'র লিপি।

* খুতানের কস্তুরী লজ্জায় মৃগণাভির গর্ভে এসে লুকালো,
চল এখান থেকে, তা'র 'অম্বর'-বাসিত কেশের সুগন্ধ
এসে পৌঁছেছে।

ধর্ম নেতা কবে আমার উঁচু আসনের নিকটে
আসতে পেরেছেন?
আমার সকল সম্পদ আমি শুঁড়ীখানার পীরের
কাছ থেকে লাভ করেছি।

হে রাগিব, আনন্দিত আসরে পাঠ করছি
আমি গজল,
আকাশের দিক থেকে 'মারহাবা' ধ্বণি এসে পৌছাচ্ছে।

---

* মধ্য এশিয়ার একটি দেশ, যেখান থেকে উত্তম কস্তুরী আসতো।

دیگر

(۱۳)

گر بہ بینم طلعت زیبائے یار
سر ز عشرت بر نہم بر پائے یار

منفعل گشتند ماہ و آفتاب
پیش آں حسن جہاں آرائے یار

از خجالت سرو گشتہ پا بگل
چوں بدید آن قامت رعنائے یار

من چہ گویم شرح درد دل بوے
حال من داند دل دانائے یار

صبر و آرام و قرار و عقل و ہوش
برد از من نرگس شہلائے یار

دیدہ ام بسیار مہرویاں ولے
کس نباشد در جہاں ہمتائے یار

راغب شیریں کلام و نکتہ داں
مست شد از جام جاں افزائے یار

(১৩)

যদি আমি বন্ধুর সুন্দর মুখ অবলোকন করি,
তবে আনন্দে তাঁর পায়ে আমার মাথা রাখব।

চন্দ্র সূর্য লজ্জায় অধোবদন হোল
যখন দেখলো, বিশ্ব সজ্জারূপী বন্ধুর রূপ তাদের সামনে।

বন্ধুর সুউন্নত দেহ-যষ্ঠি প্রত্যক্ষ করে
ঈর্ষা কাতর দেবদারু গোলাপের কাছে ফিরে গেল।

আমার হৃদয় বেদনার ব্যাখ্যা তার কাছে কী করবো,
বন্ধুর সূক্ষ্মদর্শী হৃদয় আমার হৃদয়ের অবস্থা সম্যক
জ্ঞাত আছে।

ধৈর্য শান্তি বুদ্ধি ও জ্ঞান—
বন্ধুর নার্গিস সদৃশ মদির আঁখি আমার কাছ থেকে
চুরি করে নিয়ে গেছে।

জীবনে আমি অনেক চন্দ্র মুখ দর্শন করেছি,
কিন্তু আমার বন্ধুর উপমা কোথাও দেখতে পাই নি।

মধুর বচন ও সূক্ষ্মদর্শী রাগিব
প্রাণদায়ী বন্ধুর পাত্র থেকে সুরা পান করে মত্ত
হয়ে আছে।

دیگر

(۱۴)

گردم به جستجوئے صنم در بدر هنوز
چون لاله هاست داغ غم بر جگر هنوز

پیک اجل رسید ببالین من ولے
پیکے ز حال یار ندادم خبر هنوز

در دیرها بتان پریروئے دیده ام
اما بتے ندیدم از و خوبتر هنوز

پر شور شد زنالۂ شبگیر من فلک
دین ناله ام نکرد درو هیچ اثر هنوز

راغب مدام سر به بیاباں همی زنم
کس را ندیده ام ز خود آواره تر هنوز

(১৪)

এখন আমি প্রিয়ার খোঁজে দ্বারে দ্বারে ঘুরে ফিরি,
লালা ফুলের মতো কলিজায় আমার অসংখ্য
বেদনার দাগ।

মৃত্যু দূত আমার শিয়রে এসে উপস্থিত হয়েছেন,
কিন্তু এখনও কোন সংবাদ বাহক প্রিয়ার খবর নিয়ে
আমার কাছে এলো না।

মন্দিরে মন্দিরে কত সুন্দর মুখ অবলোকন করেছি,
কিন্তু আজ পর্যন্ত তার চাইতে সুন্দর কোন
প্রতিমা দেখতে পেলাম না।

আমার শেষ রাত্রির ক্রন্দনে আকাশ ভারাক্রান্ত হোল,
কিন্তু এখনও আমার সেই ক্রন্দনের ফল দৃষ্টি গোচর
হচ্ছে না।

রাগিব, নিয়ত আমি বনভূমির অভিমুখেই
বিচরণ করি,
বর্তমানে কাউকে আমি নিজের চেয়ে
অধিকতর ভবঘুরে দেখতে পাই না।

CamScanner

دیگر

(۱۵)

ربوده صبر و آرام و قرار از من بت نوخیز
چو دیدم روئے زیبایش دریدم جامهٔ پرهیز

ز گفتار و ز رفتارش دلم ناگاه شد مسحور
که گفتارش سحر آمیز و رفتارش قیامت خیز

سراپا آفت جاں شد نگاه مست او یارب
عیاں از دیدهٔ فتاں او صد فتنهٔ چنگیز

ز عکس عارضش گل در چمن شد لعل گوں بنگر
زبوئے کاکاش گشته نسیم صبح عنبر بیز

ز شادی جسته ام از جا چو مستان جهاں راغب
چو باد از کوئے او آورد پیغام نشاط انگیز

(১৫)

যে নব-প্রতিমার জাগরণ আমার অন্তর থেকে
ধৈর্য, শান্তি ও অটলতা চুরি করে নিলো
সেই সুন্দর মুখ দেখেই সংযমের বক্ষঃবাস
আমি ছিন্ন করেছি।

তার চলা ও বলা আমার হৃদয়কে
মন্ত্র-মুগ্ধ করলো,
কারণ, তার কথা ছিল কুহক মেশানো, চলন ছিল
প্রণয় চিহ্নিত।

হে প্রভু, তার মদির চাউনি এক প্রাণান্তকর বিপদ,
তার দৃষ্টিতে প্রকটিত হচ্ছে শত শত চেঙ্গিজী
প্রলয়।

দেখ-দেখ, তার গালের প্রতিবিম্ব পড়ে ফুলবনে
মণি সদৃশ গোলাপ ফুটে উঠেছে,
তার কেশের সৌগন্ধ্যে প্রভাত সমীরণ
'অম্বর' বাসিত হোল।

বাতাস যখন তার গাল থেকে বয়ে আনলো
তার মধুময় বাণী
তখন, হে রাগিব, আমি দুরন্ত পাগলের মতো
আনন্দে লাফিয়ে উঠলাম।

CamScanner

دیگر

(۱۶)

یا رسول اللہ نظر کن حال زار ما مپرس
نامۂ ما بیں ز جرم بے شمار ما مپرس

رب هب لی اُمتی فرمودۂ از لطف خاص
دیگر از کار دل ناکردہ کار ما مپرس

اے شہ اُمت نواز از جام کوثر جرعۂ
ما تہی دستیم از ما مزدِ کار ما مپرس

دستگیر خافقیں از مہر دست ما بگیر
لطف فرما وز گناہ بے شمار ما مپرس

یا رسول اللہ مارا سوئے خود راہے نما
از جفائے ہندو از جور دیار ما مپرس

یک نظر فرما و سر خوش از شراب عشق کن
از تمنائے دل اُمیدوار ما مپرس

راغب اندوھگیں را شاد کن بہر خدا
از ہجوم یاس و جوش اضطرار ما مپرس

11,788

(১৬)

ওগো আল্লাহর রসূল, আপনি আমাদের দিকে দৃষ্টিপাত করুন,
আমাদের দীনতম অবস্থার কথা আর কি বলবো,
অসংখ্য পাপে অনুলিপ্ত আমাদের কর্মলিপির কথা
আর কি বলবো!

আপনি বিশেষ অনুগ্রহে বলেছিলেন, 'হে প্রভু,
আমার উম্মতকে স্বীকার করে নাও,'
আমরা সব দিক থেকেই যে কি ভাবে অকৃতকার্য
তা আর কি করে বলবো!

ওগো উম্মতের বাদশা, কওসরের পাত্র থেকে
এক ঢোক আমাদের দান করুন,
আমরা আপনারই অধীন, আমাদের বাসনার
বঞ্চনার কথা আর কি বলবো!

ওগো প্রাচ্য ও প্রতীচ্যের সহায়ক, অনুগ্রহ করে
ধারণ করুন আমাদের হাত,
করুণা বিতরণ করুন; আমাদের অসংখ্য পাপের কথা
আর কি বলবো!

ওগো আল্লাহর রসূল, নিজ থেকে আপনি আমাদের
পথ প্রদর্শন করুন,
হিন্দুদের অত্যাচার আর যুগের জুলুমের কথা
আর কি বলবো!

CamScanner

একটু দৃষ্টিপাত করুন, এবং প্রেমের সুরায়
আমাদের সুখী করুন,
আশান্বিত হৃদয়ের আশার কথা
আর কি বলবো !

দুঃখী রাগিবকে দয়া করে সুখী করুন,
তা'র হতাশা ও হৃদয় চাঞ্চল্যের কথা আর কি বলবো !

دیگر

(۱۷)

بیا ساقی از باده پر کن ایاغ
که روشن شود زان دلم چون چراغ

نسیم بهار می وزد چار سو
ز عشرت زلد نغمه بلبل بباغ

چمن عنبر افشان شد از بوئے گل
عیان شد گلستان ز هر خار راغ

برقص آمده سرو در باغ و بید
سر سرو قمری بوجدست و زاغ

بیار اے صبا بوئے زلف صنم
که گردد معطر از ان هر دماغ

چنان مستم اے راغب از جام او
که دارم من از هر دو عالم فراغ

CS CamScanner

(১৭)

সাকী, এসো, সুরায় পূর্ণ কর পান-পাত্র,
যাতে আমার হৃদয় প্রদীপের মতো আলোকিত হয়।

চারদিকে প্রবাহিত হচ্ছে বসন্ত সমীরণ,
বুলবুল আনন্দিত হয়ে বাগিচায় গান গাইছে।

গোলাপের সুবাসে কানন সুরভিত হয়ে উঠেছে,
বনের প্রতিটি কাঁটায় বিকশিত হয়েছে গোলাপ।

উপবনে দেবদারু ও বেতসলতা নৃত্য করছে,
কপোত এবং বাঁয়সও আবেগে উচ্ছ্বসিত।

ওগো সমীরণ, নিয়ে এসো প্রিয়ার কুন্তল-সুবাস,
যা'র ছোঁয়ায় প্রতিটি মস্তিষ্ক সুগন্ধে পরিপূর্ণ হয়।

হে রাগিব, তার পান-পাত্র আমাকে এমন
পাগল করেছে যে,
তার ফলে, আমি দুই বিশ্বের চিন্তা থেকেই
মুক্তি পেয়ে গেছি।

دیگر

(۱۸)

مدام ست آه و فغاں کار عشاق
رود جوئے از چشم خونبار عشاق

بتان پریروئے آسودہ خاطر
چہ دانند حال دل زار عشاق

عنادل مقیم اند در کنج گلزار
بود کوئے اصنام گلزار عشاق

فدا بر تو سازند عشاق جاں را
نگارا گر آئی بدیدار عشاق

تو با کس مگو اندۂ خویش راغب
کہ کس در جہاں نیست غمخوار عشاق

(১৮)

প্রেমিকদের কাজ দিনরাত রোদন ও হাহাকার,
প্রেমিকদের চোখ থেকে প্রবাহিত হয় অশ্রুর ধারা।

সুন্দরী প্রতিমারা নিশ্চিত সুখে কাল যাপন করে,
প্রেমিকদের বেদনাতুর হৃদয়ের কথা তারা কি বুঝবে?

বুলবুলেরা বাসা বেঁধেছে গোলাপ বনের নিভৃত কোণে,
প্রতিমাদের গলির নির্জনতাই প্রেমিকদের স্বর্গ।

তোমার উপরেই প্রেমিকগণ তাদের প্রাণ উৎসর্গ করবে,
ওগো প্রিয়া, কখনো যদি আস তুমি তাদের দেখা দিতে।

রাগিব, কারো কাছে তুমি ব্যক্ত করো না তোমার দুঃখ,
কারণ, দুনিয়ায় প্রেমিকদের সমব্যথী কেউ নেই।

CamScanner

دیگر

(۱۹)

من میکشم جور و جفا از دست عشق از دست عشق
گشتم بصد غم مبتلا از دست عشق از دست عشق

دارم دو چشم خونفشاں گشتم ضعیف و ناتواں
دائم کنم آه و بکا از دست عشق از دست عشق

در غم تنم شد چوں خسے نبود دریں عالم کسے
چوں من گرفتار بلا از دست عشق از دست عشق

خون دل خود میخورم چوں گل گریباں میدرم
در سینه دارم خارها از دست عشق از دست عشق

از نالهٔ راغب کنوں پر شور شد گردون دوں
حالش ز بوں شد حسرتا از دست عشق از دست عشق

(১৯)

আমি প্রেমের হাত থেকেই আকর্ষণ করছি
জুলুম ও অত্যাচার,
শত বিপদে জড়িত হচ্ছি সেই প্রেমেরই কারণে।

দুই চোখে আমার রক্ত ঝরে, আমি দুর্বল ও অশক্ত হয়েছি,
দিন রাত আমি রোদন ও হাহাকার করছি
প্রেমেরই কারণে।

বেদনায় আমার দেহ কাঠির মতো হয়ে গেছে,
দুনিয়ায় আমার মত বিপদগ্রস্ত কেউ নেই—
সে শুধু প্রেমেরই কারণে।

আমি নিজেরই হৃদয়-রক্ত পান করি, গোলাপ যেমন
বিদীর্ণ করে তার বক্ষঃবাস,
বুকে আমার কণ্টকরাশি—সে সব প্রেমেরই হাত থেকে
আমি পেয়েছি।

রাগিব ক্রন্দনে হতভাগ্য আকাশ পূর্ণ হয়ে গেছে,
সে তার এই দীনতম অবস্থা লাভ করেছে প্রেমেরই
হাত থেকে।

CamScanner

دیگر

(۲۰)

توئی تاج شاهاں سلام علیک
توئی شاہ گیہاں سلام علیک

جہان و درد ہرچہ ہست آفرید
ز بہر تو یزداں سلام علیک

بصد جاہ و حشمت شبے لا گہاں
گذشتی ز کیواں سلام علیک

زنور تو ہر ذرۂ کائنات
بگردید تاباں سلام علیک

شب و روز وصف جمالت کنند
عنادل به بستاں سلام علیک

فیا صاحب الحسن روحی فداك
رخت رشک خوباں سلام علیک

دل و جان خود راغب بے نوا
کند بر تو قرباں سلام علیک

(২০)

তুমি বাদশাদের মাথার মুকুট, তোমার প্রতি সালাম,
তুমি দুনিয়ার বাদশা, তোমার প্রতি সালাম!

এই জগৎ ও তার মধ্যে যা কিছু রয়েছে
বিশ্ব-প্রভু সব তোমার জন্যে সৃষ্টি করেছেন,
তোমাকে সালাম!

সহসা এক রাত্রে শত সম্ভ্রম ও মাহাত্ম্যের সঙ্গে
অতিক্রম করে গেছ তুমি শনিগ্রহ, তোমাকে সালাম!

তোমার জ্যোতিঃ থেকে আলো নিয়ে বিশ্বের প্রতিটি অণু
জ্যোতিষ্মান হয়ে ঘূর্ণিত হয়, তোমাকে সালাম!

দিনরাত ফুলবনে বুলবুল
তোমার সৌন্দর্যের গুণ-গান করে, তোমাকে সালাম!

ওগো সুন্দর, আমার প্রাণ তোমার প্রতি উৎসৃষ্ট,
তোমার মুখ সৌন্দর্যবানদেরও ঈর্ষার বস্তু, তোমাকে সালাম!

দীন হীন রাগিবের হৃদয়-প্রাণ সকলই
তোমার প্রতি উৎসর্গীকৃত, তোমাকে সালাম!

CamScanner

دیگر

(۲۱)

در جهان دارم بتے فرخنده فال
بے نظیر و بے عدیل و بے مثال

شمع بزم ماهرویان جهان
بادشاه کشور حسن و جمال

در سرم سودائے اُو باشد مدام
در دلم هر لحظه اش آید خیال

ناصحا کے ترک عشق اُو کنم
ترک عشق اُو بود فکر محال

نیست ممکن زینهار اوصاف اُو
درکش اے راغب زبان از قیل و قال

(২১)

দুনিয়ায় আমার এক ভাগ্যবতী প্রিয়তমা রয়েছেন,—
অনুপম, সর্বোৎকৃষ্ট ও অতুলনীয়।

সে চন্দ্রমুখীদের আসরের প্রদীপ—
সে যেন রূপ-সৌন্দর্যের দেশের রাজা।

আমার মস্তিষ্কে সর্বদা তারই চিন্তা,
আমার হৃদয়ে প্রতি-মুহূর্তে তারই স্মৃতি আনাগোনা করে।

ওগো উপদেশদাতা, তাঁর ভালবাসা আমিও কী করে ছাড়ব,
তাকে বিস্মৃত হওয়া যে অসম্ভব।

হে রাগিব, তার গুণাবলী কীর্তন না করে
চুপ করে থাকা কখনই সম্ভব নয়।

دیگر

(۲۲)

من طالب خوبانم من عاشق جانانم
جز عشق دگر چیزے زنہار نمیدانم

ہر صبح کشم ساغر در گوشۂ خمخانہ
بر ساقی مہ پیکر قرباں کنم جانم

گہ شور برآرم چون رندان خراباتی
گہ می درم از مستی دامان و گریبانم

خندان شوم از عشرت گاھی چوگل بستان
صد جوئے رود گاھے از دیدۂ گریانم

در نغمہ سرائی چون مرغان خوش آوازم
من راغب خوشخوانم من راغب خوشخوانم

(২২)

আমি সুন্দর মুখের আকাঙ্ক্ষী, আমি প্রিয়তমাগণের
প্রেমিক
প্রেম ছাড়া আর কোন বস্তুকেই আমি জানি না।

প্রতি ভোরে আমি শুঁড়ীখানার কোণে মদ টানি,
চন্দ্রমুখ সাকীর উপর উৎসর্গ করেছি আমার প্রাণ।

কখনো আমি মাতালের মতো কোলাহল করি,
কখনো মত্তাবস্থায় বিদীর্ণ করি স্বীয় বক্ষঃবাস।

কখনো উপবনের গোলাপের মতো আনন্দে হেসে উঠি,
কখনো ক্রন্দনরত চোখ থেকে প্রবাহিত করি
অশ্রুর শত ধারা।

আমি যখন গাই তখন আমি সুন্দর পাখীদের মতো ;
আমি ললিত-বাণী রাগিব, ওগো আমি ললিত-বাণী রাগিব।

دیگر

(۲۳)

چو مرغان چمن در سر هوائے بوستاں دارم
بدل داغ تمنائے بہار بے خزاں دارم

نباشد گرچه ممکن دیدن رخسار حوراں لیک
غمے نبود که در دنیا بتے شکر دهاں دارم

بعشقش گوئے سبقت برده ام بر جملگی عالم
سر میدان چوگاں را فضائے لامکاں دارم

نخواهد گشت بیروں از سرم سودائے او هرگز
که نقش عارض گلگون او بر لوح جاں دارم

ازاں لبہائے شیریں بسکه بوئے جاں خود شنوم
وزاں گیسوئے عنبر بو دل خود را نشاں دارم

گریباں چاک سازم در خیال قدر عنایش
بیاد روئے ز یبایش دو چشم خوں فشاں دارم

رواں شاعراں اکنوں ز شرم تازه شد راغب
که من از لطف خلاق جہاں شعر رواں دارم

(২৩)

কাননের পাখীদের মতো অন্তরে আমার
ফুলবনেরই বাসনা,
হৃদয়ে আমার হেমন্ত-শূন্য বসন্তেরই কামনার দাগ।

যদিও হুরীদের মুখ দেখার সৌভাগ্য আমার হোল না,
তবু দুঃখ করি না, দুনিয়ায় এক মিষ্টিমুখ প্রিয়া আমার
আছে।

তার প্রেম সারা দুনিয়ার উপর আমাকে জয়ী করেছে,
আমার বাজির গোলক খেলার মাঠের দিগন্তে গিয়ে
ঠেকেছে।

তার চিন্তা কখনো আমার মস্তিষ্কের বাইরে যাবে না,
কারণ, তার গোলাপী গালের ছবি আমার হৃদয়-ফলকে
গভীর করে আঁকা রয়েছে।

তা'র মিষ্টি মুখের কথায় আমি আমার নিজের অন্তরের
কথাই শুনতে পাই।
তা'র 'অম্বর'-বাসিত চুলের সঙ্গে আমি আমার
নিজের হৃদয়েরই সংবাদ পাই।

তার বেদনার কথা মনে করে আমি বিদীর্ণ করি
আমার বক্ষঃবাস,
তার সুন্দর মুখের স্মৃতি আমার দু'চোখ থেকে
ঝরায় রক্তাশ্রু।

হে রাগিব, কবিদের প্রাণ আমার কবিতায়
আবার সজীব হয়ে উঠেছে,
কারণ, বিশ্ব স্রষ্টার কাছ থেকেই আমি পেয়েছি
আমার কবি-প্রাণ।

دیگر

(۲۴)

از بندگان پادشه دلبران منم
آنکس که جاں بمژدهٔ او داد آں منم

گفتم که در فراق تو جانم بلب رسید
گفتا که در حریم دل انس و جاں منم

عیبم مکن ز میکده اے مفتی زماں
کز چاکران حضرت پیر مغاں منم

سازم چرا بزیر زمیں مسکنم چو مور
شکر خدائے پاک که عرش آشیاں منم

راغب مدام میچکد از کلکم انگبیں
والله رشک طوطی شیریں زباں منم

(২৪)

বাদশার প্রিয় দাসদের মধ্যে আমিও একজন,
আমি সেই ব্যক্তি যে তাঁর সুসংবাদে নিবেদন করে নিজের প্রাণ।

আমি বললাম, তোমার বিচ্ছেদে আমার অবস্থা
মুমূর্ষুর মতো,
সে বললো, মানুষ ও জিন দুয়ের হৃদয় গৃহেই
আমি বাস করি।

ওগো ধর্মনেতা, শুঁড়ীখানায় থাকি বলে তুমি আমার
কুৎসা গেয়ো না,
কারণ, শুঁড়ীখানার পীরের দাসদের মধ্যে
আমিও একজন

কেন আমি পিঁপড়ের মতো মাটির নীচে
আমার ঘর বানাবো ?
পবিত্র আল্লাহর প্রতি আমি কৃতজ্ঞ যে আমার
নীড় আছে আরশেরই ছায়ায়।

রাগিব চিরদিন মধুচক্র থেকে মধু অবলেহন করে,
আল্লাহর শপথ, আমার বাণী মধুকণ্ঠ বুলবুলেরও
ঈর্ষার বস্তু।

دیگر

(۲۵)

جانم بلب رسید و نیامد نگار من
از من مپرس حال دل بیقرار من

گاهے صد آه و ناله کنم گاه صد فغاں
بے یار تلخ میگذرد روزگار من

سر میزنم بسنگ چو شوریدگاں مدام
صبر از دلم برفت و سرشک از کنار من

حیف ست زیں حیات که بے او همی رود
روزم سیاه گشت چو شبہائے تار من

راغب چو میرم از غم هجر شه بتاں
آید صدائے ناله ز خاک مزار من

CamScanner

(২৫)

প্রাণ আমার কণ্ঠাগত, তুনিয়া যেন প্রিয়ার হাতের
পান পাত্র,
আমার হৃদয় চাঞ্চল্যের কথা আর
কি বলবো!

কখনো হাহাকার করি, কখনো উত্থিত করি
ক্রন্দনের রোল,
বন্ধুর বিরহে জীবন আমার তিক্ত হয়ে উঠেছে।

পাগলের মতো সর্বদা আমি পাথরে মাথা কুটি,
ধৈর্য হৃদয় থেকে প্রয়াণ করেছে, অশ্রুর ধারা
বুক বেয়ে ঝরছে।

ধিক্ সেই জীবনে প্রিয়া বিহনে যার দিন কাটে
আমার দিবস অন্ধকারতম রাত্রির মতো কালো হয়ে গেছে।

রাগিব, আমি যখন সুন্দরীদের রাণীর বিরহে
প্রাণত্যাগ করবো,
তখন আমার কবর থেকে কান্নার আওয়াজ শোনা যাবে।

دیگر

(۲۶)

ماهتاب ست نگارم یا پری یا حور عین
نرگس ست آں یا بلا یا غارت ایماں و دیں

لاله است آں یا عذارش یا گل باغ ارم
غنچه است آں یا دهانش یا شکر یا انگبیں

چوں بناز افگند یک شب آں پری از رخ نقاب
از فلک آمد تو گفتی ماه کامل بر زمیں

آسماں در دور خود بسیار خوباں دید لیک
خوبتر صورت ندید از صورت آں نازنیں

از سرم بیروں نخواهد شد هوائے کوئے او
زانکه کویش خوشترست از باغ فردوس بریں

کس نگفته در جهاں راغب چنیں شیریں غزل
باد بر نظم تو هردم صد هزاراں آفریں

(২৬)

আমার প্রিয়া সে কি চাঁদ, না পরী, না সাক্ষাৎ হুরী ?
সে কি নার্গিস ফুল, না বিপদ, না ধর্ম ও ঈমান
বিনষ্টকারিণী ?

সে কি লালাফুল, না বিদ্রোহিণী, না নন্দন কাননের গোলাপ ?
সে কি ফুলকলি, না শর্করা, না মধু ?

একদা রাত্রিতে সে যখন লীলাভরে উন্মুক্ত করলো
তার মুখের ঘোমটা
তখন মনে হোল আকাশ ছেড়ে পূর্ণ চন্দ্র যেন মাটিতে
অবতরণ করেছে।

আকাশ তার অসীম দূরত্বে কত না সুন্দর মুখ
নিরীক্ষণ করেছে,
কিন্তু সেই লীলাসুন্দরীর চেয়ে সুন্দর কাউকে সে দেখে নি।

আমার মন থেকে তা'র গলির বাসনা কখনো
দূর হবে না,
কারণ, সেই গলি আমার কাছে উর্ধ্বের নন্দন কানন
থেকে সুন্দরতর।

দুনিয়ায় রাগিবের চেয়ে মিষ্টতর গজল কেউ গান করে নি,
তোমার কবিতার উপর শত সহস্র স্বাগতঃ ধ্বনি
উচ্চারিত হোক।

دیگر

(۲۷)

رشک بتان جہاں روئے تو اے جان جاں
روئے تو اے جان جاں رشک بتان جہاں

دام دل عاشقاں زلف پریشان تست
زلف پریشان تست دام دل عاشقاں

چشمۂ آب رواں چاہ زنخدان تست
چاہ زنخدان تست چشمۂ آب رواں

غنچۂ باغ جناں پیش دہانت خجل
پیش دہانت خجل غنچۂ باغ جناں

در دل پیر و جوں خانۂ خود کردۂ
خانۂ خود کردۂ در دل پیر و جواں

جانب من ناگہاں یک نگہ لطف کن
یک نگہ لطف کن جانب من ناگہاں

راغب شیریں بیاں باد غلامت مدام
باد غلامت مدام راغب شیریں بیاں

(২৭)

ওগো আমার প্রিয়তমা, তোমার মুখ তুনিয়ার সুন্দরীদের
ঈর্ষার বস্তু,
ওগো প্রিয়তমা, তুনিয়ার সুন্দরীদের ঈর্ষার বস্তু হোল
তোমার মুখ।

প্রেমিকদের হৃদয়ের ফাঁসি যেন তোমারই এলো চুল,
তোমার এলোচুল প্রেমিকদের হৃদয়ের ফাঁসি।

তোমার গালের টোল সে যেন উচ্ছ্বসিত জলের উৎস,
উচ্ছ্বসিত জলের উৎস যেন তোমার গালের টোল।

নন্দন কাননের ফুলকলি লজ্জা পায় তোমার মুখ দেখে,
তোমার মুখ দেখে নন্দন কাননের ফুলকলি লজ্জা পায়।

যুবক-বৃদ্ধ সকলের হৃদয়ে তুমি ঘর করে নিয়েছ,
তুমি ঘর করে নিয়েছ যুবক-বৃদ্ধ সকলের হৃদয়ে।

আমার দিকে আনমনে একটু করুণার দৃষ্টি দাও,
আনমনে একটু করুণার দৃষ্টি দাও আমার দিকে।

মিষ্টভাষী রাগিব চিরদিন তোমার গোলাম
হয়ে থাকুক,
চিরদিন তোমার গোলাম হয়ে থাকুক
মিষ্টভাষী রাগিব।

CamScanner

دیگر

(۲۸)

بدر پاک حق از کرده پشیمان گشتن
به که تکیه به عمل کردن و شادان گشتن

چون گدایان بسر کوچهٔ جانان گشتن
به که قارون شدن و ثانی هامان گشتن

اهرمن کرد چه اندیشهٔ باطل در دل
خاتمے یافتن انباز سلیمان گشتن

ز عنایت اگرت کوچهٔ جانان بخشند
نسزد سلطنت گلشن رضوان گشتن

نفس سرد من آموخت ز بوئے ز لفش
همره موج نسیم چمنستان گشتن

دل جمعی تو بدست آرد غنیمت انگار
چیست در کوچه و بازار پریشان گشتن

عشوۂ را کہ بود موقف آں چشم رقیب
نہ نصیبش شود از غیب نمایاں گشتن

نظر شوق چہ شد دیدۂ مشتاق کجاست
دل بد بیں نسزد منزل جاناں گشتن

راغب از لطف خدائے دو جہاں شرمت باد
روزیش خوردن و در کوئے کریماں گشتن

(২৮)

পবিত্র সত্যের সামনে কৃতকর্মের জন্য লজ্জিত
হওয়ার চেয়ে
কর্মরত হওয়া ও সদানন্দ থাকা অনেক ভাল।

দীনহীনের মতো প্রিয়ার গলি মুখে যাওয়া
কারুণের [১] মতো হওয়া ও দ্বিতীয় হামান [২] হওয়ার চেয়ে
শ্রেয়তর।

আহ্রিমন [৩] তার হৃদয়ের মিথ্যারই অনুসরণ করেছিল,
পেয়েছিল সে সুলায়মানের মতোই এক অঙ্গুরীয়।

সুন্দরীদের প্রেমের দান রূপে যদি গলিই লাভ করে থাক,
তবে স্বর্গোদ্যানের প্রার্থী হওয়া তোমাকে শোভা পায় না।

আমার শীতল শ্বাস তার কেশের সুবাস থেকে
গন্ধ আহরণ করেছিল,
তাই সে উদ্যানের সমীরণের সহযাত্রী হয়েছে।

১। কিংবদন্তীখ্যাত কৃপণ, যে অগাধ ধন সঞ্চয় করেছিল। সে নামকরা অবিশ্বাসীদের মধ্যে একজন।

২। অবিশ্বাসী, অত্যাচারী মিসর-রাজ ফেরাউনের মন্ত্রী ও পরামর্শ-দাতা। অবিশ্বাসীদের নামের তালিকায় হামানও একজন শীর্ষস্থানীয়।

৩। শয়তান।

হৃদয়ে শান্তভাব আনয়ন কর ও তাকে এক সম্পদ
বলে মনে কর,
গলি ও বিগলিতে ঘুরে ঘুরে কোন্ লাভ ?

প্রিয়ার লীলায়িত ভঙ্গী আমার প্রতিপক্ষের চোখে
পড়ল না,
তার দুর্ভাগ্যের জন্য অদৃশ্যের যবনিকা থেকে তা
ফুটে বেরোয় নি।

বাসনার দৃষ্টি কই, প্রেমিকের চোখ কোথায় ?
ছিদ্রান্বেষী হৃদয়ের জন্য প্রেমিকের মঞ্জিলে
যাওয়া অনুচিত।

হে রাগিব, তুই জাহানের প্রভুর করুণা স্মরণ করে
লজ্জিত হও,
একদিন দয়াময়ের সমীপে তাঁর সঙ্গে মুখোমুখি
হতে হবে।

دیگر

(۲۹)

راحت روح عاشقاں نکہت جانفزائے اُو
سرمۂ چشم بیدلاں خاک در سرائے اُو

دیدۂ فتنہ زائے اُو آفت جان خاکیاں
دام دل جہانیاں طرۂ مشک سائے اُو

ہر کہ بدید یکدمش گشت اسیر دام عشق
بسکہ جہاں منور ست از رخ پر ضیائے اُو

ذکر جمال او بود ورد زبان عالمے
نقش الم ز لوح دل محو کند لقائے اُو

از سر لطف ناگہاں او چو در آیم از درم
حال دلم بگویمش سر بہ نہم بپائے اُو

دوش برقص آمدند حور و ملک بر آسماں
راغب نکتہ سنج گفت شعر چو در ثنائے اُو

(২৯)

প্রেমিকদের হৃদয়ের শান্তি তারই অমৃত তুল্য সুবাসের দান,
প্রেমিকদের চোখের 'সুরমা' তার পথের ধূলা।

তা'র প্রলয় সৃষ্টিকারী দৃষ্টি ধরিত্রীবাসীর জন্য
বিপদ স্বরূপ,
জগদ্বাসীদের হৃদয়ের ফাঁস তা'র কস্তুরীবাসিত
কেশদাম।

তাকে এক মুহূর্তে যে দেখেছে সেই তার প্রেমের
নিগড়ে বন্দী হয়েছে,
সারা বিশ্ব তার দীপ্তিমান মুখের আভায়
আলোকিত হয়ে আছে।

তার সৌন্দর্যের আলোচনা
দুনিয়ার মুখের পাঠ হয়েছে,
তার সুন্দর মুখ মুছে দিয়েছে
হৃদয় বেদনার গ্লানি

প্রেমের সূচনাতেই আকস্মিক ভাবে
সে যখন আমার ঘরে এলো,

তখনই আমার হৃদয়ের ভাব তার কাছে ব্যক্ত
করেছি
ও মস্তক অবনত করেছি তার পদতলে।

কাল রাত্রে হুর ও ফেরেস্তা যখন আকাশে
নৃত্যপর হয়েছিল,
তখন কবি রাগিব সেই নৃত্যের প্রশংসায় উচ্চারণ
করেছিল গজল গান।

دیگر

(۳۰)

غافل مشو اندر جہاں ہشیار شو ہشیار شو
برخیز از خواب گران بیدار شو بیدار شو

ذکر خدا کن ہر نفس اللہ بس باقی ہوس
از ما سوا اے بوالہوس بیزار شو بیزار شو

پندم شنو گویم بتو عمر ست ہمچوں آب جو
در عرصۂ عصیاں مپو دیندار شو دیندار شو

راغب دریں دارالمحن بیکار منشیں یک زمن
بر حال زار خویشتن غمخوار شو غمخوار شو

CamScanner

(৩০)

দুনিয়ায় অনবহিত থেক না, সতর্ক হও সতর্ক হও,
গভীর নিদ্রা থেকে ওঠ, জাগ্রত হও জাগ্রত হও।

আল্লাহর নাম স্মরণ কর, অন্য সব মোহ পরিত্যাগ কর,
আল্লাহ ছাড়া আর সব কিছু থেকে মুখ ফিরিয়ে নাও,
মুখ ফিরিয়ে নাও।

উপদেশ শোন, তোমাকে বলি, জীবন নদী জলের মতো,
পাপের প্রান্তরে আর পথাতিক্রম করো না,
ধার্মিক হও, ধার্মিক হও।

রাগিব, এই পরীক্ষা ক্ষেত্রে এক মুহূর্তও অলস বসে
থেকো না,
নিজের দীনহীন অবস্থার প্রতি সহানুভূতিশীল হও,
সহানুভূতিশীল হও।

CamScanner

دیگر

(۳۱)

موسم عیش ست و ساقی و شراب مشکبو
بزم اُنس و صحن گلزار و نگار ماهرو

آشنائے مهرباں ست و حریف راز داں
همنشین نیک نام ست و ندیم نیک خو

عندلیب خوشنوا بر شاخ گل شد نغمه زن
مژدهٔ فصل بهار آرد نسیم از چار سو

مطرب خوشخواں ببانگ چنگ میگوید غزل
ساقی گلرخ زمے پر می کند جام و سبو

از وفور جوش مستی میرود گه یک ز هوش
گه یکے در حالت ست و گه یکے در هائے و هو

بسکه شد رونق فزائے مجلس دور مدام
راغب شیرین کلام و نکته داں و بذله گو

(৬১)

আনন্দের মৌসুম এসেছেঃ সাকী ও কস্তুরীবাসিত সুরা,—
বন্ধুদের আসর, গোলাপ বনের প্রাঙ্গণ এবং
চন্দ্রমুখ প্রিয়তমা সবই রয়েছে।

রয়েছেন করুণাময় বন্ধুর পরিচিত জন, এবং তত্ত্বজ্ঞের প্রতিপক্ষ,
এখানে সবাই যশস্বিগণের সহবাসী ও সচ্চরিত্রগণের সহচর।

সুস্বর * আন্দালীব (বুলবুল) আজ গোলাপ শাখায় বসে
গান গাইছে,
সে মধুমাসের সুসংবাদ এনেছে এবং চারদিকে
এনেছে সমীরণের সমারোহ।

সুকণ্ঠ গায়ক বাদ্যযন্ত্রের সহযোগে গজল গান করছে,
গোলাপ-গণ্ড সাকী মদ্য দ্বারা পূর্ণ করেছে পান পাত্র।

উন্মাদনার প্রাচুর্যে কখনো কেউ মূর্ছা যাচ্ছে,
কখনো আসছে কারো বিভোরতা, কেউবা হাহুতাশ
করছে।

পান পাত্রের অনবরত হস্তান্তর আসরের
দীপ্তি বাড়িয়ে দিয়েছে,
রাগিব কবি, দার্শনিক ও তত্ত্বজ্ঞানী।

---

* কবি হয়ত তার আন্দালীব শাদানীর প্রতি ইঙ্গিত করছেন।

دیگر

(۳۲)

تا علم چرخ کهن افرا خته
شرم بادش قدر کس نشناخته

الامان از جورهایش الامان
شام کشته صبح گر به نواخته

گر بهم گردد دو همدم از حسد
سنگ فرقت درمیان انداخته

کاسهٔ سر سرداران دهر را
مسکن حر باد سوسک ساخته

گلعذاران جهان را زیر گل
بستر از گرد فنا انداخته

وائے کس را یک زمان فرصت نداد
بهر کشتن تیغ کن چون آخته

راغب از خجلت نگرید خون چرا
عمر خود را در تماشا باخته

(৩২)

পতাকা আকাশ পর্যন্ত উন্নীত না করলে
তাতে তার বাতাহত আবর্তের মাহাত্ম্য কারো গোচর
হয় না।

সাবধান, তার অত্যাচার থেকে সাবধান,
সন্ধ্যা হত, প্রভাত বিচিত্র সাজে সজ্জিত।

যদি দুই বন্ধু পরস্পরের প্রতি ঈর্ষা নিয়ে
সহযাত্রী হয়,
তবে বিচ্ছেদের পাথর তাদের মধ্যবর্তী হবে।

যুগের নায়কদের মস্তিষ্কের পাত্র
স্বাধীনতার আবেগে পরিপূর্ণ রয়েছে।

বিশ্বকর্মাদের জন্য মাটির নীচে
অনস্তিত্বের বিছানা বিছানো রয়েছে।

দ্বিখণ্ডিত করার জন্য যখন ঈর্ষান্বিত তলোয়ার
কোষমুক্ত হোল,
হায়, তখন কাউকে এক মুহূর্ত সময় পর্যন্ত দেওয়া হোল না।

রাগিব লজ্জায় রক্ত প্রান্তরের দিকে দৃষ্টিপাত করল না,
নিজের জীবনকে সে পাশা খেলায় হেরে বসলো।

CamScanner

دیگر

(۳۳)

جانم فدائے نرگس مخمور یار بہ
چشم ز درد فرقت او اشکبار بہ

سرو چمن بہ پیش قدش گشت منفعل
خورشید پیش عارض آو شرمسار بہ

واعظ بیان خلد بریں میکنی عبث
کز بوستان خلد بریں کوئے یار بہ

گل در چمن نقاب ز رخسار بر کشید
جامے بدست ساقی سیمیں عزار بہ

کس را بجز خدا نسزد کبر و افتخار
گو بر درش مدام سر انکسار بہ

در رہن جام خرقۂ صوفی خوش ست وخوش
دستار شیخ غرق مئے خوشگوار بہ

راغب رسید مژدۂ عشرت دریں زمن
صہبا کشی بہ سایۂ شاخ چنار بہ

(৩৩)

ভালোই হোল, আমার প্রাণ মদালস আঁখির উপর উৎসৃষ্ট হোল,
তার বিরহে আমার চোখ অশ্রুপূর্ণ হোল, ভালই হোল।

উদ্যানের দেবদারু তার দেহ তনুর পাশে লজ্জানত হোল,
ভালই হোল, তার গালের উজ্জ্বলতার সামনে তপন লাজ পেলো।

বাগ্মী অনর্থক উন্নত স্বর্গের বর্ণনা দান করলেন,
প্রিয়ার গলি নন্দন কাননের চেয়ে অনেক ভালো।

গোলাপ ফুলবনে তার মুখ থেকে ঘোমটা তুললো,
পানপাত্র হাতে লাজনম্র সাকী তার চেয়ে ভালো।

আল্লাহ ছাড়া কাউকে গর্ব ও আত্মম্ভরিতা শোভা পায় না,
যদিও ভালো ভালো লোক তার দ্বারে স্বীয় হীনতা প্রকাশ করছে।

সুফী তাঁর 'খিল্‌কা' পানপাত্রের কাছে বাঁধা রেখে সুখী ও উৎফুল্ল,
শেখ তাঁর পাগড়ী মদে ডুবিয়ে নিয়ে আরো সুন্দর করলেন।

রাগিব এই সুসংবাদ আমারই কাছ থেকে পেয়েছিল,
মদ্যপান ভালো পলাশের শাখা প্রশাখা সুন্দর।

CamScanner

دیگر

(۳۴)

بوئے گل از بوستان آید همی
شور عشرت در جهاں آید همی

سرو در رقص آمد و بید و چنار
باغ عالم گلفشاں آید همی

شاد باش اے دل که از سوئے فلک
مژدهٔ راحت رساں آید همی

بلبل خوش خواں پئے دیدار گل
جانب گلشن دواں آید همی

جوش مستی شراب لعل فام
در دل جرعه کشاں آید همی

از شمیم باد مشک افشاں کنوں
در تن هر مرده جاں آید همی

CamScanner

گلشن عـالـم ز فیض نوبهـار
رشک گلزار جناں آید همی

مرحبا صد مرحبا صد مرحبا
انبساط جسم و جاں آید همی

بر زبان راغب شیریں سخن
نام یار مهـرباں آید همی

(৩৪)

উদ্যান থেকে গোলাপের সুবাস আসছে
দুনিয়ায় আনন্দের কোলাহল শ্রুত হোল।

দেবদারু, বেতস ও পলাশ নৃত্য করছে,
বিশ্ব-উদ্যানে বিচ্ছুরিত হচ্ছে গোলাপজল।

স্বাগতম্ ওগো হৃদয়, আকাশ থেকে
আনন্দ বাহী সংবাদ এসে পৌছছে।

সুকণ্ঠ বুলবুল গোলাপের দর্শনের জন্য
ফুলবনের দিকে দ্রুত ধাবিত হচ্ছে।

রঙীন মদের উন্মত্ততার আবেগ,
মদ্যপায়ীদের হৃদয় দ্বারে সমাগত।

কস্তুরী-বাসিত সুগন্ধী হাওয়ায় এখন
প্রতিটি মৃতদেহে জীবন ফিরে আসছে।

নব বসন্তের প্রভাবে দুনিয়ার ফুলবনে
আগমন করছে স্বর্গোদ্যানের ঈর্ষা।

স্বাগত, সুস্বাগত ও সহস্র কুশল,
দেহমনের আনন্দ আজ দ্বার দেশে সমাগত।

মধুভাষী রাগিবের রসনায়
করুণাময় বন্ধুর নাম উচ্চারিত হচ্ছে।

دیگر

(۳۵)

بده ساقی شراب ارغوانی
که می بخشد حیات جاودانی

بزن مطرب نوائے چنگ و بربط
وزد هر سو نسیم شادمانی

دلا در عیش و مستی کوش امروز
روم فردا برون زین دار فانی

بود ارکان عشرت در جهان چار
بهار و بادهٔ و یار و جوانی

مرا فرمود دی پیر خرابات
که در کش جام باده تا توانی

بگوش جان من از عالم غیب
رسد هر دم صدائے لن ترانی

ز نور روئے آں سلطان خوباں
کند ہر خار و خس آتش فشانی

نگاہ لطف بر من گر کند او
نہ ترسم از بلائے نا گہانی

بیا راغب بہ محفل شعر بر خواں
بدہ ساقی شراب ارغوانی

(৩৫)

ওগো সাকী দাও রঙীন সুরা,
কারণ, সুরা দান করে অনন্ত জীবন।

ওগো গায়ক, বীণা ঝঙ্কৃত কর
এবং প্রবাহিত কর চারদিকে আনন্দময় সমীরণ।

বন্ধু আনন্দ ও উন্মত্ততায় যাপন কর
আজকের দিন,
আগামী কাল এই নশ্বর জগৎ ছেড়ে চলে
যেতে হবে।

দুনিয়ায় আনন্দের বস্তু চারটি :
বসন্ত ঋতু, মদ্য, বন্ধু ও যৌবনকাল।

কাল রাতে শুঁড়ীখানার পীর আমাকে বললেন,
যত পার পানপাত্রে মদ্য টেনে যাও।

আমার হৃদয়ের কানে অদৃশ্য জগৎ থেকে
প্রতি মুহূর্তে ধ্বনিত হচ্ছে, 'আমাকে তুমি দেখতে
পাবে না'—এই বাণী।

সেই সুন্দর রাজার মুখ জ্যোতি থেকে
প্রতিটি কন্টক ও লতায় আগুন ঝরছে।

তাঁর করুণার দৃষ্টি যদি সহসা আমার উপর পড়ে,
তবে আমি কম্পিত হব না আকস্মিক বিপদে।

রাগিব আস, আসরে পাঠ কর কবিতা,
সাকী, তুমি দান কর রঙীন সুরা।

কতকগুলি শোচনীয় মৃত্যুর তারিখযুক্ত কবিতা

CamScanner

ফারসী অক্ষরগুলির প্রত্যেকটির জন্য একটি করে গাণিতিক সংখ্যা নির্দিষ্ট আছে। সেই সংখ্যাগুলি যোগ করে জন্ম-মৃত্যু কিংবা অন্য কোন স্মরণীয় বছর বের করার রীতি ফারসী কাব্যানুশীলনে প্রচলিত আছে। একটি বাক্য বা বাক্যাংশের অর্থাৎ একটি চরণ কিংবা চরণাংশের অক্ষরগুলি যে-সব সংখ্যার প্রতীক সেই-সব সংখ্যা যোগ করে একটি বিশেষ সন বের করা ও সেই সঙ্গে উপলক্ষের অর্থটিকেও প্রকাশ করাতে মুন্সিয়ানা যথেষ্ট। ফারসী কবিদের মধ্যে ‘তারীখ’ লেখার এই রীতিটি অত্যন্ত আগ্রহের সঙ্গে অনুশীলিত হয়। ছোট ছোট এই সব কবিতাকে “কাতায়ে তারীখ” বলা হয়।

অনুবাদক

CamScanner

(১)

قطعۂ تاریخ انتقال پرملال

بی‌بی قاسمه خاتون زوجۂ سید نظام الدین راغب بارکپوری

وقت سحر نہم مہ شوال حسرتا
ناگاہ رفت قاسمه خاتون ازیں سرا

بے او مدام خون جگر نوش می کنم
چرخ بریں زنالۂ ما گشت پر صدا

سال وفات او دل راغب بصد الم
گفتا' اے وائے قاسمه خاتون ما کجا

۱۳۵٦ ھجری

(১)

(সৈয়দ নিজামুদ্দীন ব্যারাকপুরীর (এই গ্রন্থের কবির) পত্নী
বিবি কাসেমা খাতুনের ব্যথাপূর্ণ অন্তর্ধানের তারিখ)

শাউয়াল মাসের নয় তারিখের ভোরবেলা
কাসেমা খাতুন এই সরাইখানা থেকে স্বধামে গমন করলেন।

তাঁর বিরহে আমি দিন রাত হৃদয়ের রক্ত পান
করছি,
আকাশ আমার ক্রন্দন-ধ্বনিতে পূর্ণ হয়েছে।

তাঁর পরলোক গমনের বছর রাগিব ব্যথিত চিত্তে
ঘোষণা করছে—
হায় কাসেমা খাতুন, আমরা কোথায় ?

হিঃ ১৩৫৬

(۲)

قطعۂ تاریخ وفات

رسولن بی‌بی مرحومہ زوجۂ عبدالحمید صاحب ساکن سیوان ضلع سارن

بی‌بی رسولن شالزدم ماہ رجب وقت سحر
رخت سفر بر بست از حکم قضا ناگاہ حیف

راغب چو جستم سال فوت آمد ندا از دل چنین
بی‌بی رسولن ناگہاں رفت از جہاں اے آہ حیف

۱۳۵۹ ہجری

(২)

(সারণ জেলার জনাব আবদুল হামিদ সাহেবের পত্নী রসূলন বিবির পরলোক গমনের তারিখ।)

রজব মাসের ষোলই তারিখের ভোর বেলা
বিবি রসূলন
বিশ্ব-প্রভুর আদেশে শেষ যাত্রার
আয়োজন করলেন।

রাগিব তাঁর তিরোধানের বছর বের করার সময়
সহসা বলে উঠলো—
আহা, বিবি রসূলন অকস্মাৎ দুনিয়া থেকে
অন্তর্ধান করলেন।
হিঃ ১৩৫৯

(۳)

قطعۂ تاریخ وفات

خواجه دین مرحوم ساکن ٹیٹاگڑھ ضلع چوبیس پرگنه

خواجه دین رفت چوں ز حکم قضا
سوئے ملک بقا ز دار غرور

راغب سال وفات شد القا
ہائے افسوس خواجه دین مبرور

۱۳۵۷ ہجری

(৩)

(চব্বিশ পরগণার টিটাগড় নিবাসী খাজা দীন মরহুমের পরলোক গমনের তারিখ।)

খাজা দীন বিশ্ব-প্রভুর আদেশে
অহমিকার দুনিয়া থেকে চিরন্তন জগতের দিকে গমন করেছেন।

রাগিব, তুমি তাঁর অন্তর্ধানের বছর গণনা কর—
আহা, খাজা দীন ছিলেন নিষ্পাপ।

হিঃ ১৩৫৭

(৩)

قطعۂ تاریخ وفات

بی‌بی سارہ خاتون مرحومہ ساکن کلکتہ

افسوس سارہ خاتون رفتہ ز عالم اکنوں
زان می چکد بد اماں زدیدہاے ما خوں

از بہر سال فوتش راغب چو فکر کردم
آمد ندا بگوشم اے وائے سارہ خاتوں

۱۳۵۱ ھجری

(৪)

(কলিকাতা নিবাসিনী মরহুমা বিবি সারার 'পরলোক গমনের তারিখ।)

আফসোস, সারা খাতুন ইহ লোক ত্যাগ করে গেলেন,
তাঁর বিচ্ছেদে আমাদের চোখ থেকে রক্তাশ্রু ঝরছে।

তাঁর মৃত্যুর বছর বের করছিলাম,
এমন সময় কানে এলো—হায় হায় সারা খাতুন।

হিঃ ১৩৫১

(৫)

تاریخ انتقال پر ملال

عارف باللہ حضرت شاہ صفی اللہ صاحب مرحوم رحمۃ اللہ علیہ

سابق مدرس مدرسۂ عالیہ کلکتہ

آمدہ واحسرتا از گردش گردوں وبال
کرد حضرت شہ صفی اللہ ز دنیا انتقال

گوہر دریائے علم و اختر برج عمل
مظہر لطف و عنایت بود و ہم شیریں مقال

مدرسہ آباد کرد از علوم و از فنون
در فراق اوست مہر علم و فن را ہم زوال

سال فوت او بصد غم راغب اندوہگیں
گفتہ است' اے ہائے بود اُو مرجع فضل و کمال

۱۳۶۶ ھجری

(৫)

(বিখ্যাত ওলীআল্লাহ, হজরত শাহ সফিউল্লাহ মরহুমের পরলোক গমনের শোকাবহ তারিখ।)

হায় হায়, আকাশের আবর্তন জন্ম দিয়েছে এক দুর্ঘটনার,
হজরত সফিউল্লাহ দুনিয়া থেকে শেষ যাত্রা করেছেন।

তিনি ছিলেন বিদ্যারূপ মহাসাগরের মুক্তা ও কর্মে নীহারিকা-
মণ্ডলের অস্ফুট নক্ষত্র,
দয়া ও করুণার তিনি প্রতিমূর্তি ছিলেন এবং ছিলেন
মিষ্টভাষী।

তিনি জ্ঞান ও কলার অনুশীলনের জন্য বিদ্যালয়
প্রতিষ্ঠা করেছিলেন,
তাঁর অন্তর্ধানে জ্ঞান ও কলার অবনতি সূচিত হয়েছে।

তাঁর মৃত্যুর বছরটি রাগিব বেদনা সূচক
ক্রন্দনের সঙ্গে ঘোষণা করছে—
আহা, তিনি ছিলেন মহত্ত্ব ও পূর্ণতার উৎস।

হিঃ ১৩৬৬

(۶)

قطعهٔ تاریخ وفات حسرت آیات عالم وفاضل

مولانا حشمت علی صاحب مرحوم' رام پوری

ز دنیا رفت حشمت رام پوری
به تاریخ دوم ماه رجب هائے

چراغ محفل علم و هنر بود
شه اقلیم عقل و دانش و رائے

رقم زد سال فوتش کلک راغب
تہی شد رامپور از علم اے وائے

۱۳۴۴ هجری

(৬)

(রামপুর নিবাসী আলেম মওলানা হাশমত আলী মরহুম সাহেবের মৃত্যুর তারিখ।)

রামপুর নিবাসী হাশমত আলী দুনিয়া থেকে
প্রয়াণ করলেন,
সেদিন রজব মাসের দুই তারিখ।

তিনি জ্ঞান ও কলার আসরের প্রদীপ ছিলেন,
তিনি ছিলেন বুদ্ধি ও সুবিবেচনা রাজ্যের রাজা।

রাগিবের কলমে তাঁর মৃত্যুর বছর লিখিত হোল—
হায় হায় রামপুর জ্ঞান থেকে বঞ্চিত হোল।

হিঃ ১৩৪৪

(۷)

قطعهٔ تاریخ وفات حسرت آیات
سید حیدر علی صاحب مرحوم بشیر ہاٹی
سابق ڈسٹرکٹ سب رجسٹرار، ضلع کھلنا

حیدر علی تبار بود اَو
سید فلک وقار بود اَو

خنده رو خلیق با مروت
بے پناه را حصار بود اَو

در سخا کرم سحاب بوده
در عطا گہر نثار بود اَو

صابر رضا پناه بوده
صالح صفا شعار بود اَو

در حدیقهٔ بشیر ہاٹی
زمزمه نوا هزار بود اَو

جسم عنصرش که کرد خالی
چار میں صفر نہار بود اَو

سال هجرتش بگفت راغب
مرکز رجسٹرار بود اَو

۱۳۵۰ هجری

(৭)

(খুলনা জেলার প্রাক্তন সবরেজিস্ট্রার সৈয়দ হায়দার আলী মরহুমের পরলোক গমনের তারিখ।)

হায়দর আলীর মৃত্যু হোল,
তিনি উচ্চ সৈয়দ বংশজাত ও সম্মানিত ছিলেন।

তিনি ছিলেন হাসিমুখ, সৎস্বভাব ও লাজনম্র,
অরক্ষিত জনের জন্য তিনি ছিলেন প্রাচীর স্বরূপ।

দানে তিনি মেঘের মতো বদান্য ছিলেন,
মুক্তার বর্ষণের মতো ছিল তাঁর উপহার।

ধৈর্য ও সন্তুষ্টির প্রতিমূর্তি ছিলেন তিনি,
তিনি ছিলেন নিষ্কলঙ্ক-চরিত্র ও বিবেচক।

ফুলবনে তিনি ছিলেন সুসংবাদ আনয়নকারী
মধুকণ্ঠ বুলবুল।

তাঁর দেহ পঞ্চভূতের বাঁধন ছিঁড়ে
জোহরা তারার জগতে প্রয়াণ করেছে।

রাগেব তাঁর চির-যাত্রার বছর গণনা করে বলছে,—
তিনি ছিলেন রেজিস্ট্রেশন বিভাগের চন্দ্র।

হিঃ ১৩৫০

(۸)

تاریخ انتقال

عالم و فاضل جناب غلام رحمن صاحب ساکن کھلنا

غلام رحمن که در فراقش برفت جویم ز چشم گریان
چو سال فوتش بجست راغب ندا بر آمد، غلام رحمن

۱۳۶۹ هجری

(৮)

(খুলনা নিবাসী আলেম জনাব গোলাম রহমান সাহেবের মৃত্যুর তারিখ।)

গোলাম রহমান—তাঁর বিচ্ছেদে চোখ থেকে আমি
বইয়েছি অশ্রুর ধারা,
তাঁর মৃত্যুর সন বের করতে গিয়ে রাগিব সহসা
চীৎকার করে বললো, গোলাম রহমান।

হিঃ ১৩৬৯

(৭)

تاریخ ارتحال پر ملال

عالم با عمل فاضل بے بدل جناب مولانا الہی بخش صاحب
مرحوم المتخلص بہ متین شاہ آبادی

ہم چو قیامت آمدہ شور و فغاں ز چار سو
ز انکہ متیں بجانب ملک عدم نہادہ رو

بلبل گلشن سخن مشعل بزم علم و فن
فاضل و کامل ز من حامی دیں خجستہ خو

در غم ہجر اُو مدام جامہ چو گُل قبا کنیم
خوں رود از دو چشم ما چشمہ بچشمہ جو بجو

سال وفات اُو چو جست راغب خستہ از جمل
گفت سروش ہائے، ہائے، عالم بے، نظیر اُو

۱۳۵۲ ہجری

(৯)

(কীর্তিমান আলেম অনুপম পণ্ডিত জনাব মৌলানা এলাহী বখ্শ মরহুম সাহেবের শোকাবহ তিরোধানের তারিখ।
তাঁর ভণিতা ছিল মতীন।)

কেয়ামতের মতো চারদিকে শোনা যাচ্ছে কোলাহল,
কারণ, মতীন মৃত্যু-রাজ্যের দিকে মুখ করেছেন।

ভাষার উপবনে তিনি ছিলেন বুলবুল, এবং জ্ঞানের
আসরের প্রদীপ,
তিনি পণ্ডিত ও পূর্ণতাপ্রাপ্ত ছিলেন, ছিলেন ধর্মের
সহায়ক ও সৎ-স্বভাব।

তাঁর বিচ্ছেদ বেদনায় আমি গেরুয়া বসনের
জামা পরিধান করেছি,
এবং দুই চোখে প্রবাহিত করছি ঝর্ণা ও নদীর ধারা।

ভঙ্গুর রাগিব যখন তাঁর মৃত্যু বছর গণনা করছিল
তখন আকাশ-বাণী হোল, হায় হায় তিনি ছিলেন
অদ্বিতীয় আলেম।

হিঃ ১৩৫২

(۱۰)

تاریخ انتقال شاعر شیریں مقال

جناب سید غلام اکبر صاحب مرحوم

شیریں بیاں سخنور سید غلام اکبر

چشم ندید چوں اُو شاعر بعالم اندر

راغب چو سال فوتش جستم ز نیم مصرع

از غیب گفت ہاتف' سید غلام اکبر

۱۳۶۸ ہجری

(১০)

(মধুকণ্ঠ কবি জনাব সৈয়দ গোলাম আকবর মরহুম
সাহেবের তিরোধানের তারিখ।)

মধুকণ্ঠ বাণীময় সৈয়দ গোলাম আকবর,—
আমার চোখ তাঁর মতো কবি আর দেখে নি।

রাগিব যখন তাঁর মৃত্যুর বছর বের করছিল
তখন আকাশ দূত কবিতার অর্ধচরণ উচ্চারণ
করলো—সৈয়দ গোলাম আকবর।

হিঃ ১৩৬৮

(١١)

تاریخ انتقال

نزهت العین بی‌بی مرحومه بنت سید مشفق الصالحین صاحب
سابق ڈسٹرکٹ سب رجسٹرار، ضلع ندیا

سزاوار حمدست آن پاک ذات
که پیدا نموده حیات و ممات

کنم نعت آن سرور انبیا
که سریست بین الفنا والبقا

چه خوش گفت سعدی شیرین بیان
سزد گر نگاری با لواح جان

کرا جاودان ماندن اُمید نیست
که گیتی همیں جائے جاوید نیست

بسال ده و سه صد و بست و هشت
به شهر صفر دخت مولود گشت

جگر گوشهٔ مشفق الصالحیں
که نقش ست سادات را هم نگیں

چو رخسار او نزهت دیده بود
از ان نزهت العین نامیده بود

چو عمرش بر آمد دو و نیم سال
بوجه مرض گشت آشفته حال

به شعبان سنه سیزده صد و سی
رها کرد روحش تن عنصری

چه جوئی وفا زیں جهاں جان من
شبانی نیاید ز گرگ کہن

ترا نیز تاریخ فوت از جمل
دهد مصرع آخریں بے خلل

شد او راغب اکنوں به خلد بریں
کنوں زاں شده نزهت الحورعیں
۱۳۳۰ هجری

(১১)

(প্রাক্তন সবরেজিষ্ট্রার জনাব মুশ্‌ফিকুস্‌ সালিহীন সাহেবের কন্যা নয়ন-পুত্তলী বিবি মরহুমার মৃত্যুর তারিখ।)

সেই পবিত্র প্রভুর প্রশংসা
যিনি জীবন ও মৃত্যুকে সৃষ্টি করেছেন।

নবীদের মধ্যে যিনি শ্রেষ্ঠ তাঁর গুণ কীর্তন করি,
জীবন ও মৃত্যুর উর্ধ্বে তাঁর আসন।

মধুভাষী সাদী কি সুন্দর বলেছেন,—
হৃদয় ফলকে এঁকে রাখ তাঁর ছবি।

কে না চায় অমরত্ব লাভ করতে,
এই দুনিয়া তো চিরকালের নয়।

তেরশো আঠাশ সালের
সফর মাসে এই কন্যার জন্ম হয়েছিল।

তিনি ছিলেন মুশফিকুস্‌ সালেহীনের বুকের মাণিক,
এবং সৈয়দগণের অঙ্গুরীয়ের মণি স্বরূপা।

হায়, ছিলেন যিনি চক্ষের আনন্দ
তিনিই তাঁকে নৈরাশ্যে পরিবর্তিত করে গেলেন।

তাঁর বয়স যখন আড়াই বছর পূর্ণ হোল,
তখন সহসা রোগে পরিম্লান হোল সুন্দর মুখ।

সন তেরোশো তিরিশের শাবান মাসে
তাঁর আত্মা নশ্বর দেহ পরিত্যাগ করে গেল।

হে আমার বন্ধু, এই দুনিয়া থেকে কি করুণা প্রত্যাশা কর,
মেষ পালক সেই পুরানো নেকড়ের হাত থেকে রক্ষাপায় না।

মৃত্যুর তারিখ সম্পর্কে কবিতার শেষ চরণ
আকাশই তোমাকে উপহার দিলো।

রাগিব, তিনি এখন স্বর্গে অবস্থান করছেন,—
তিনি এখন সাক্ষাত পবিত্র হুরীতে রূপান্তরিত হয়েছেন।

হিঃ ১৩৩০

(۱۲)

تاریخ انتقال پر ملال شاعر شیریں مقال

جناب مظفر علی مرحوم

ماہ صفر بیستم مرد مظفر علی

آہ بد آو واقف راز خفی و جلی

سال وفاتش چو جست راغب شوریدہ سر

از فلک آمد ندا' ہائے مظفر علی

۱۳۴۶ ہجری

(১২)

(চারুবাক্ কবি জনাব মুজাফ্ফর আলী মরহুমের শোকাবহ তিরোধানের তারিখ।)

সফর মাসের বিশ তারিখে মুজাফ্ফর আলী
পরলোকগত হলেন,
আহা, তিনি সূক্ষ্ম ও স্থূলের রহস্য
অবগত ছিলেন।

তাঁর তিরোধানের বছর বের করার সময়
পাগল রাগিব
আকাশ-বাণী শুনতে পেল, হায় মুজাফ্ফর আলী।

হিঃ ১৩৪৬

(۱۳)

تاریخ وفات مفتی اعظم

جناب مفتی کفایت اللہ صاحب مرحوم و مغفور

دریغا ز مرگ کفایت
برفت ست علم و فراست

بگو راغب ایں سال فوتش
شد اے ہائے مفتی کفایت

۱۳۷۲ ہجری

(১৩)

(প্রধান মুফ্‌তী জনাব কেফায়াতুল্লাহ মরহুম সাহেবের পরলোক গমনের তারিখ।)

হায় হায় কেফায়েতের মৃত্যু
জ্ঞান ও সূক্ষ্ম বিচারের তিরোধান।

রাগিব তুমি তাঁর মৃত্যুর বছর উচ্চারণ কর—
হায় হায়, মুফতী কেফায়েত!

হিঃ ১৩৭২

উর্দু কবিতাবলী

CamScanner

حمد

(۱)

ثنا کیا کریں ہم مسلماں خدایا
کہ مداح تیرا ہے قرآں خدایا

ہمیں ساری خلقت سے اشرف بنایا
یہ بندوں پہ تیرا ہے احساں خدایا

محمد کا کلمہ پڑھایا ہے ہم کو
دیا ہے ہدایت کو قرآں خدایا

دکھائی ہمیں تو نے اپنی شریعت
بنایا ہمیں تو نے انساں خدایا

ہمارے لئے ساری دنیا بنائی
دیا زیست کا ساز و ساماں خدایا

تو رہنا ہمارا مددگار ہر دم
تو رہنا ہمارا نگہباں خدایا

نہ دب کر رہیں اس جہاں میں کسی سے
رہیں سرخرو و ہم مسلماں خدایا

جو مشکل سے مشکل بھی در پیش آئے
ہمارے لئے ہو وہ آساں خدایا

ہمیں دین و دنیا کی عزت عطا کر
یہ راغب کا پورا ہو ارماں خدایا

(১)

হাম্‌দ

হে খোদা, আমরা মুসলমান তোমার কি গুণকীর্তন করব ?
তোমার গুণ কীর্তন করে স্বয়ং কুরআন।

সমস্ত সৃষ্টির মধ্যে আমাদের তুমি দান করেছ মহাত্ম্য,
দাসদের প্রতি এ তোমার করুণা।

মুহম্মদের 'কলমা' তুমি আমাদের পড়িয়েছ,
পথ প্রদর্শনের জন্য দান করেছ কুরআন।

তোমার রীতি আমাদের প্রদর্শন করেছ,
আমাদেরকে মানুষ করেছ হে প্রভু !

সারা দুনিয়া তুমি আমাদের জন্য তৈরি করেছ,
এবং জীবনের সকল উপকরণ করেছ সরবরাহ।

তুমি আমাদের পথপ্রদর্শক, তুমি আমাদের সহায়ক,
তুমি আমাদের প্রদর্শক তুমি আমাদের রক্ষক হে প্রভু !

দুনিয়ায় যেন আমরা কারো কাছে হেয় না হই,
মুসলমানদের মুখ যেন সর্বদা আনন্দোজ্জ্বল থাকে হে প্রভু !

CamScanner

ভয়ানক বিপদও যদি সামনে আসে
তাও যেন আমাদের জন্য সহজ হয় হে প্রভু!

আমাদেরকে ইহ-পরলোকের সম্মান দান কর,
রাগিবের এই বাসনা তুমি পূর্ণ কর প্রভু!

نعت

(۲)

دو عالم میں پھیلا ہے نور محمد
ظہور دو عالم ظہور محمد

مبارک کلیم آپ کو طور سینا
ہے عرش خداوند طور محمد

اندھیرا تھا کفر و ضلالت کا چھایا
ہوا دور پھیلا جو نور محمد

جو دم توڑے یاد محمد میں پیاسا
ملے اسکو جام طہور محمد

سوا اُن کے دیکھوں کسی کو نہ راغب
مری پتلیوں میں ہے نور محمد

CamScanner

(২)

নাত

দুই বিশ্বে মুহম্মদ (সাঃ) এর আলো ছড়িয়ে গেছে,
দুই বিশ্বের প্রকাশ মুহম্মদেরই (সাঃ) উদ্ভাসন।

হে মুসা (আঃ) তূর আপনারই থাকুক,
মুহম্মদ (সাঃ) এর তূর স্বয়ং মহান আরশ্।

অবিশ্বাস ও অজ্ঞানতার অন্ধকার পরিব্যপ্ত ছিল সর্বত্র,
মুহম্মদের (সাঃ) আলো বিকশিত হওয়ার সঙ্গে সঙ্গে
তা' দূরীভূত হোল।

তাঁকে ছাড়া আর কাউকে দেখবো না রাগিব,
আমার চোখের তারায় যে মুহম্মদ (সাঃ) এরই
জ্যোতিঃ।

(۳)

اگر وہ ملتفت ہوں اُن سے حال غم بیاں کرنا
بجز اُنکے کسی کو بھی نہ اپنا رازداں کرنا

نہ کر تو ذکر حور و کوثر و باغ ارم واعظ
کہیں بہتر ہے ایسے ذکر سے ذکر بتاں کرنا

نہ لینا اپنے سر احساں کبھی برق مخالف کا
خود اپنے ہاتھ ہی سے نذر آتش آشیاں کرنا

اگر چاہے کہ دل خالی ہو تیرا رنج و کلفت سے
تو نام اُس صاحب لولاک کا ورد زباں کرنا

چھلک اٹھا ہے پیمانہ مرے صبر و تحمل کا
مرے امکان سے باہر ہے اب ضبط فغاں کرنا

شراب معرفت کا جب کہیں حقدار تو ہوگا
تجھے لازم ہے پہلے خدمت پیر مغاں کرنا

ہماری جان ہی پر کیوں نہ بن جائے مگر راغب
نہیں منظور ہم کو حال دل اپنا بیاں کرنا

(৩)

তিনি যদি অভিনিবেশ সহকারে শোনেন তবে
তাঁরই কাছে বলো দুঃখের কথা,
তাঁকে ছাড়া নিজের গোপন কথা
আর কারো কাছে প্রকাশ করো না।

ওগো বাগ্মী, তুমি হুর, কওসর ও নন্দন কাননের
বর্ণনা করো না,
এমন বর্ণনার চেয়ে দুনিয়ার সুন্দরীদের আলোচনা
অনেক ভাল।

প্রতিপক্ষের দয়ার বজ্র কখনো মস্তকে
ধারণ করো না;
বরং নিজের হাতেই তোমার নীড়ে
আগুন দিয়ো।

তুমি যদি চাও যে তোমার হৃদয়
দুঃখ বেদনা থেকে মুক্ত থাকুক,
তবে যাঁর জন্য এই আকাশ সমূহ সৃষ্ট হয়েছে
তাঁর নাম সর্বদা মুখে নাও।

আমার ধৈর্য ও সংযমের পাত্র
কানায় কানায় পূর্ণ হয়ে গেছে,
আর্তনাদ চেপে রাখা এখন আমার
শক্তির বাইরে।

CamScanner

তত্ত্বজ্ঞানের (মা'রেফাতের) উপযুক্ত যদি
তুমি হতে চাও,
তবে প্রথমেই শুঁড়ীখানার পীরের পদসেবা
তোমাকে করতে হবে।

•

প্রাণ যদি সঙ্কটাপন্নও হয় তবুও
অন্তরের গোপন কথা প্রকাশ করার নীতি
আমাদের নেই।

•

•   •

•

دیگر

(۴)

رتبہ مری نظر میں ہو کیا مہر و ماہ کا
ہر ذرہ آفتاب ہے اُس جلوہ گاہ کا

وہ آستانہ اُس کا ہے چوکھٹ اُسی کی ہے
رتبہ ملا گداؤں کو جس در سے شاہ کا

ٹھکرا دوں تخت و تاج سکندر کو میں ابھی
دامن جو ہاتھ آئے اُس عالم پناہ کا

یہ آتی جاتی سانس نہیں ہے حبیب سے
اک سلسلہ بندھا ہے مگر رسم و راہ کا

ہے رند بادہ نوش کی دعوت کا اہتمام
ساغر فلک کے ہاتھ میں ہے مہر و ماہ کا

رند خراب ہوں مجھے سے خانہ چاہئے
مندر کا معتقد ہوں نہ میں خانقاہ کا

راغب شب فراق گذرتی ہے اس طرح
جاری ہے ایک مشغلہ بس آہ آہ کا

CamScanner

(৪)

আমার চোখে চাঁদ সুরুযের গৌরব কি হবে,
সেই জ্যোতির্গৃহের প্রতি ধূলিকণাই তো সূর্যের মতো।

সেই গৃহ তাঁর, সেই চৌকাটও তাঁরই,
যে দুয়ারে মাথা রেখে দীনহীন পেয়েছে
রাজার মর্যাদা।

সিকান্দরের রাজমুকুট ও সিংহাসন আমি এখনই
পায়ে ঠেলব,
যদি সেই বিশ্বপ্রভুর আঁচল আমি ধরতে পারি।

এতো নিঃশ্বাস প্রশ্বাস নয়, এ যে বন্ধুর সঙ্গে
রীতি-রেওয়াজের এক গ্রন্থি-পরম্পরা।

মদ্য-পায়ী মাতালকে আমন্ত্রণ করার প্রয়াস দেখ,
আকাশের হাতে ধরা রয়েছে চাঁদ সুরুযের পানপাত্র।

আমি অসহ মাতাল, আমার জন্য চাই শুঁড়ীখানা,
আমি মন্দিরের পূজারী, 'খানেকায়' আমার প্রয়োজন নেই।

রাগিব বিরহের রাত্রি এই ভাবে যাপন করে—
সারা রাত চলতে থাকে শুধু আর্তনাদের পালা।

دیگر

(۵)

اشک بہا کے کیا کرے سوز دروں بجھائے کیا
آگ ہو جب لگی ہوئی جی کو قرار آئے کیا

جس کی نگاہ میں ہے تو اسکو ہے تیری جستجو
حور و پری سے عمر بھر پھر وہ نظر ملائے کیا

پھیر لی تم نے جب نگاہ خاک ہوا، ہوا تباہ
تم نے جسے گرا دیا کوئی اسے اٹھائے کیا

رحم نہ آیا عمر بھر جسکو ملی نصیب ہو
چادر گل چڑھائے کیا سوئے مزار جائے کیا

راغب خستہ حال سے جو نہ نظر ملا سکے
زحمت قتل کیا اٹھائے تیغ وہ آزمائے کیا

(৫)

অশ্রুর ধারা বইয়ে কি হবে, অন্তরের শিখা
নিবিয়ে কি হবে,
যেখানে আগুন লেগেছে, সেখানে হৃদয়ের
শান্তি কোথায় ?

তুমি যার চোখের সামনে আছ,
তাকেই খুঁজে মরছ,
হুর পরীর সঙ্গে সারাজীবন সে দৃষ্টি
কি করে মিলাতে পারো ?

তুমি যার থেকে মুখ ফিরিয়েছ
সে হয়েছে নষ্ট ও অপমানিত,
তুমি যাকে ফেলে দিয়েছ
কে আর তাকে তুলতে পারে ?

সারাজীবন যে হতভাগ্যের উপর করুণা করলো না,
সে কি করে সমাধি দর্শনে যাবে এবং সেখানে
ফুলের চাদর বিছাবে ?

দীনহীন রাগিবের দিকে যে লোক
দৃষ্টি নিক্ষেপ না করেছে,
সে কি করে বুঝবে তলোয়ারের
আঘাত কি বস্তু ?

دیگر

(۶)

ارباب خوش نظر کی مروت کو کیا ہوا
آنکھیں چراتے ہیں مری صورت کو کیا ہوا

آئے ہیں میرے قتل کو تلوار کھینچ کر
حیراں ہوں ان کے حسن نزاکت کو کیا ہوا

ارمان وصل و صدمۂ فرقت سے تنگ ہوں
پوچھو نہ تم کہ میری طبیعت کو کیا ہوا

کیوں جستجوئے یار میں پائے طلب تھکے
کیوں پست ہو گئی مری ہمت کو کیا ہوا

وہ چلتے چلتے رک گئے مستانہ چال کیوں
وہ آتے آتے روز قیامت کو کیا ہوا

میں تو حریص دولت دیدار یار ہوں
کیوں آئی میرے پاس مصیبت کو کیا ہوا

راغب نہیں ہے گرم فغاں آج کس لئے
یہ اس کے سوز دل کی حرارت کو کیا ہوا

(৬)

সুনয়নাগণের সৌজন্যের আজ কি হোল ?
তাঁরা যে আজ চোখ ফেরাচ্ছেন, হায় আমার চেহারার
কি হোল ?

তাঁরা আমাকে বধ করতে আসছেন তলোয়ার
কোষোন্মুক্ত করে
আশ্চর্য, তাঁদের দেহমনের কোমলতার কি হোল ?

মিলনের আকাঙ্ক্ষা ও বিরহের দুঃখে আমি মুহ্যমান,
জিজ্ঞাসা করো না, আমার স্বভাবের কি হোল ?

বন্ধুর খোঁজে কেন আমার পদযুগলে আসে শ্রান্তি
কেন মন ভেঙ্গে গেল, আমার উদ্যমের কি হোল ?

চলতে চলতে সেই মত্ত চলন থেমে গেল কেন,
আসতে আসতে সেই প্রলয়ের কি হোল ?

আমি বন্ধুর দর্শনের পিয়াসী,
আহা কি হোল, কেন সামনে দাঁড়ালো বাধার প্রাচীর ?

রাগিব আজ কেন আর কাঁদছে না,
তাঁর হৃদয়ের তাপ কোথায় গেল ?

سہرا

(۷)

مکمل یہ سامان عشرت ہے سہرا
دلیل پیام مسرت ہے سہرا

نثار آج نوشاہ بن کر جو بیٹھے
حقیقت میں تائید قدرت ہے سہرا

یہ زرتار لڑیوں میں یہ کچی کلیاں
بہار آفریں باغ عشرت ہے سہرا

اسیر اس میں ہوتے ہیں دو دل خوشی سے
سنہری وہ زنجیر ملت ہے سہرا

طریقت میں اک رسم دنیا ہے لیکن
حقیقت میں دام محبت ہے سہرا

نہ کیوں دل میں انور علی آج خوش ہوں
سر لخت دل کی یہ زینت ہے سہرا

بغیر اس کے تکمیل عشرت نہ ہوتی
یہ سچ ہے کہ شادی کی زینت ہے سہرا

خدا راس لائے یہ دولہا دلہن کو
خداوند عالم کی رحمت ہے سہرا

رخ جانفزا کا فدائی ہے راغب
جب ہی تو بنا محو حیرت ہے سہرا

(৭)

বিয়ের মুকুট

পরিপূর্ণ আনন্দের উপকরণ এই বিয়ের মুকুট,
সুখের শুভ সংবাদ বহন করে বিয়ের মুকুট।

নিসার আজ নেওশা' রূপে সজ্জিত হয়ে বসেছেন,
বস্তুতঃ প্রকৃতির ইঙ্গিতেই রচিত হয়েছে এই বিয়ের মুকুট।

সোনালী তারের উপর তাজা গোলাপ কলি গ্রন্থিত,
মধুমাসের আগমনী-গাওয়া বাগানের আনন্দ এই
বিয়ের মুকুট।

দু'টি হৃদয় যা দিয়ে আনন্দে বেঁধে দেওয়া যায়
মিল্লাতের সেই সোনালী জিঞ্জির এই বিয়ের মুকুট।

বাহ্যিক দৃষ্টিতে এটি একটি লোকাচার,
কিন্তু গুহ্যতঃ প্রেমের নিগড় এই বিয়ের মুকুট।

আজ আনোয়ার আলীর মনে কেন সুখের
উদয় হবে না,
তাঁর বুকের মানিকের শিরে শোভা পাচ্ছে
বিয়ের মুকুট।

এ-ছাড়া বিয়ের আনন্দ পরিপূর্ণতা পেতোনা
কেন না, বিয়ের সাজই হোল এই বিয়ের মুকুট।

খোদা বর-কন্যাকে সুখ সৌভাগ্য দান করুন,
বিশ্ব-প্রভুর করুণার দান এই বিয়ের মুকুট।

রাগিব সুন্দর মুখের পূজারী
সে জন্যেই তো সে অবাক হয়ে দেখছে এই
বিয়ের মুকুট।

CamScanner

دیگر

(۸)

سہل اتنا تو نہیں رخ کے مقابل ہو نا
مہ کامل ابھی سیکھے مہ کامل ہونا

واقعہ ہے یہ اک ایسا کہ ہے سب پر روشن
جب ترا آنکھ ملانا مرا غافل ہونا

آئینہ آپکے دل کا نہ مکدر ہو جائے
آئینے کے نہ کبھی آپ مقابل ہونا

میری اُمید کی کشتی ہے شکستہ کشتی
جس کو آتا نہیں منت کش ساحل ہونا

مشکلیں ہو گئیں آسان جو ہوا اس کا کرم
نظر آیا مجھے گرداب کا ساحل ہونا

جس کو دیکھو وہ ہے مشتاق شہادت راغب
رنگ لایا ہے مرے یار کا قاتل ہونا

CamScanner

(৮)

তা'র মুখোমুখি হওয়া এত সহজ নয়,
পূর্ণ চন্দ্রকে এখনও পূর্ণচন্দ্র হওয়ার পাঠ নিতে হবে।

এই ঘটনা এমন যে সবাই তা জানে,
যেই তোমার চোখ পড়লো, অমনি আমি উদাসীন
হয়ে গেলাম।

আপনার হৃদয়ের আয়না যেন ধূলিলিপ্ত না হয়,
কখনো আপনি আয়নার মুখোমুখি আসবেন না।

আমার আশার তরী এক ভাঙ্গা তরী,
সে কখনো তীরের করুণা প্রার্থী হওয়ার
সুযোগই পায় না।

যখন তার করুণা হোল তখন সব সমস্যা
আমার সহজ হয়ে এলো,
দেখলাম ঘূর্ণাবর্ত গিয়ে তটভূমি স্পর্শ করেছে।

রাগিব, লক্ষ্য করে দেখো সবাই সামনা সামনি হতে চায়,
আমার বন্ধু ঘাতক হয়েই লাভ করেছে
রূপ-সৌন্দর্য।

(৯)

نظم رخصتی جناب جے' ایچ بارکر صاحب پریسیڈنٹ ولیسلی
ہندوستانی' ام' ای اسکول بارکپور ضلع ۲۴ پرگنہ
(از راغب بارکپوری اردو ٹیچر اسکول مذکور)

بدلتا ہے کیا آسماں آج رنگت
ہمیں سونپنے کو ہے یہ کس کی فرقت

ہوئے جمع ہیں طالب العلم سارے
مگر دیکھو پژمردہ ہے اُن کی صورت

ہے اسکول پر آج چھائی اُداسی
مگر رنگ لائی ہے کس کی محبت

چھڑایا ہے کس مہر پرور نے دامن
کہ ہر دل کو پہنچی ہے گہری اذیت

ندا ہاتف غیب نے دی یکایک
پریسیڈینٹ صاحب کی ہی آج رخصت

خلیق اور تھے قدرداں یہ ہمارے
انھیں تھی برابر ہر اک سے محبت

در اشک حسرت کا ہم ہار گوندھیں
ہو مقبول ہم سب کی نذر عقیدت

وطن کا سفر آپ کو ہو مبارک
لئے جائیے ہم سبھوں کی محبت

نظر سے بہت دور کو جا رہے ہیں
ملی ہے مگر آپ کو دل کی قربت

یہی التجا ہے کہ ہم کو نہ بھولیں
دعا سے بڑھاتے رہیں آپ ہمت

قلق سونپتی ہے مگر دل کو راغب
پریسیڈینٹ جے ایچ برکر کی رخصت

(৯)

(চব্বিশ পরগণার অন্তর্গত ব্যারাকপুর হিন্দুস্থানী এম, ই স্কুলের প্রেসিডেণ্ট জনাব জি, এইচ, বার্কার সাহেবের বিদায় সম্বর্ধনা উপলক্ষে।)

(উক্ত স্কুলের উর্দূ শিক্ষক রাগিব ব্যারাকপুরীর পক্ষ থেকে)

আজ কি আকাশ রঙ বদল করছে ?
কার বিচ্ছেদ বেদনা সে আমাদেরকে দিবে ?

সব ছেলেরা এসে জড়ো হয়েছে,
কিন্তু দেখো, সবার মুখ আজ ম্লান।

সারা ইস্কুলের উপর ছেয়ে আছে উদাস ভাব,
কিন্তু তা'র উপর পড়েছে কারো ভালবাসার ছায়া।

কোন্ প্রেমিক তাঁর আঁচল ছাড়িয়ে নিচ্ছে,
যার ফলে সবার প্রাণে দেখা দিয়েছে বেদনা ?

সহসা আকাশ বাণী বলে গেল—
প্রেসিডেণ্ট সাহেবের আজ বিদায়ের দিন।

তিনি ছিলেন জহুরী ও আমাদের গুণগ্রাহী,
সবার সঙ্গে তাঁর ছিল ভালবাসা।

আজ আমরা বেদনার অশ্রু-মুক্তার মালা গাঁথব,
আমাদের ভালবাসার এই দান গৃহীত হোক।

আপনার দেশযাত্রা শুভ হোক,
আপনি সঙ্গে করে নিয়ে যান আমাদের সবার ভালবাসা।

যদিও দৃষ্টির বাইরে বহুদূরে আপনি যাচ্ছেন
তবুও আমাদের হৃদয়ের সন্নিকটে রয়েছে আপনার অবস্থান।

প্রার্থনা করি আমাদেরকে ভুলবেন না যেন,
আশীর্বাদ সহ বেড়ে চলুক আপনার উদ্যম ও উৎসাহ।

হে রাগিব, প্রেসিডেন্ট বার্কারের বিদায়ে
প্রাণে দেখা দিচ্ছে অশান্তি।

نماز

(۱۰)

کیوں تو لے ترک کی ہے ارے بے خبر نماز
کام آئے گی بروز جزا خاص کر نماز

افضل یہی نماز ہے گھر کی نماز سے
مسجد میں پڑھنا چاہئے صف باندھکر نماز

ہر نیک عمل کا یوں تو ملے گا تمھیں صلا
ہے کل عبادتوں میں مگر معتبر نماز

تم ہو کہ حیلہ ڈھونڈتے رہتے ہو رات دن
پابندیوں سے پڑھتے تھے فخر بشر نماز

ہوتی ہے اس نماز سے ایمان کی جلا
دیتی نمازیوں کو ہے اچھا ثمر نماز

آفات ناگہانی کو کرتی ہے رد یہی
بن جاتی ہے بلاؤں میں سینہ سپر نماز

شبیر خدا کے لال تھے جب زیر تیغ کین
اُس وقت بھی تھی آپ کے پیش نظر نماز

راغب خدا کے واسطے تو اپنا سر جھکا
کر اب بھی توبہ اور قضا تو نہ کر نماز

(১০)

ওরে উদাসীন, তুই কেন নামাজ পড়া ছেড়েছিস?
বিচারের দিনে বিশেষ করে নামাজই কাজে লাগবে।

ঘরে নামাজ পড়ার চেয়ে
মসজিদে কাতারবন্দী হয়ে নামাজ পড়া শ্রেয়তর।

এমনিতে সকল সৎকাজেই তুমি পুরস্কার পাবে,
কিন্তু সমস্ত বন্দেগীর মধ্যে নামাজই মহত্তম।

নামাজ নিয়ে তুমি কত ওজর ও বাহানা দেখাও,
কিন্তু মহামানব (রসূলুল্লাহ) অত্যন্ত নিষ্ঠার সঙ্গে
পড়তেন নামাজ।

এই নামাজই ঈমানকে উজ্জ্বলতর করে,
নামাজ নামাজীগণকে ভাল ফল দান করে।

আকস্মিক বিপদকে সেই ঠেকিয়ে রাখে,
সঙ্কট মুহূর্তে নামাজই বিপদের মোকাবিলায়
এগিয়ে যায়।

শেরে খোদা আলীর পুত্র যখন ঈর্ষার তলোয়ার
ছায়ে অবস্থান করছিলেন,
তখনও তাঁর চোখে দেদীপ্যমান ছিল নামাজ।

রাগিব, আল্লাহর ওয়াস্তে তুমি মস্তক অবনত কর,
এবং তওবা কর, কখনও নামাজ 'কাজা' করো না।

CamScanner

دیگر

(۱۱)

نہیں ہے فائدہ کچھ بھی کسی کا دل جلانے میں
تامل ہے زباں کو دل کا افسانہ سنانے میں

تمنا خاک ہوتی ہے وہ جسدم روٹھ جاتے ہیں
مگر اک لطف آتا ہے ستمگر کو منانے میں

زمانے کے مشاغل سے نہیں وابستگی کچھ بھی
مگن ہر وقت رہتا ہوں نئی دنیا بسانے میں

اُمید آب کوثر میں عبث بیٹھا ہے تو ناصح
تو کیا جانے مزہ جو ہے کے ہے پینے پلانے میں

ہے مضمر میرے افسانے میں اک عالم حقیقت کا
کسی کو عذر ہوتا ہی نہیں ایمان لانے میں

وہ شمع آرزو مجبور ہے خود اپنی فطرت سے
خوشی محسوس کرتا ہے مرے دل کے دکھانے میں

پہنچ جاؤں میں کھنچکر اور جبیں سجدہ جھک جائے
کشش پیدا ہو اتنی یار تیرے آستانے میں

مرا بھی امتحاں لو غیر کا بھی امتحاں لے لو
ملیگا دوسرا مجھ سا نہ کوئی ناز اٹھانے میں

پس مردن محبت رنگ لائی ہے وہ کہتے ہیں
نہیں راغب سا کوئی باوفا پایا زمانے میں

(১১)

কারো হৃদয় জ্বালানোতে কোন লাভই নেই,
হৃদয়ের কাহিনী শোনানোর দিকেই আমার
রসনার প্রবণতা।

তিনি যখন রাগ করে চলে যান তখনই বাসনা
নির্মূল হয়,
কিন্তু অত্যাচারীকে বশ করাতেই এক আনন্দ।

দুনিয়ার বিষয় কর্মে আমার কোন রকম আগ্রহ নেই
সর্বদা নতুন দুনিয়া সৃষ্টির চিন্তায়ই মগ্ন থাকি।

'আবে কওসারের' আশায় হে ধার্মিক, বৃথাই
তুমি বসে আছ,
তুমি কি করে জানবে মদ্য পানে ও পরিবেশনে
কি আনন্দ!

আমার কাহিনীর মধ্যে সত্যের এক জগৎ লুকিয়ে
আছে,
তাই বিশ্বাস করতে কাউকে এতটুকু আপত্তি
করতে শোনা যায় নি।

সেই বাসনার প্রদীপ স্বীয় স্বভাবের জন্য
নিরুপায়—
আমার মনকে দুঃখ দেওয়ায় সে অনুভব করে
আনন্দ।

আমি উড়ে গিয়ে উপস্থিত হব, এবং আমার ললাট
'সেজদায়' অবনত হবে,
প্রিয়ের কুটীর আমাকে এমন করেই টানছে।

আমাকেও পরখ কর, অপরকেও পরখ কর,
তোমার লীলা দুনিয়ায় আমার মতো আর কেউ
বুঝতে পারবে না।

তিনি বলেন, মৃত্যুর পর তার প্রেমের দীপ্তি
প্রকাশ পেল,
দুনিয়ায় রাগিবের মতো এমন কৃতজ্ঞ আর পেলাম না।

دیگر

(۱۲)

افسردگی میں نور ہے وہ دل کے داغ میں
دیکھی نہیں کسی نے جو تابش چراغ میں

شاخ اُمید پھولتی پھلتی نہیں کبھی
آتی نہیں بہار تمنا کے باغ میں

اُس کے لئے تو کھیل ہے منزل کی سختیاں
گھر سے نکل پڑا ہے جو تیرے سراغ میں

جام سفال ساغر جمشید ہے مجھے
تصویر تیری دیکھ رہا ہوں ایاغ میں

آنکھیں ملائے کیا وہ کسی خاکسار سے
ہے تمکنت بھری ہوئی جسکے دماغ میں

کھائے داغ دل ہیں خزاں کے اثر سے دور
یہ پھول وہ ہیں جو نہیں ملتے ہیں باغ میں

راغب پڑا ہے عکس جو عارض کے خال کا
تابانیاں ہیں داغ جگر کے چراغ میں

(১২)

ম্লানিমার মধ্যে জ্যোতিঃ আছে, সেই হৃদয়ের কলঙ্ক চিহ্নে
প্রদীপের যে শিখা জ্বলে তা কেউ দেখল না।

আশার শাখা কখনও ফুল্ল হল না,
কামনার ফুলবনে এলোনা বসন্তের সমারোহ।

মঞ্জিলের বিপদাপদ তার জন্য খেলার সামগ্রী,
যে তোমার অন্বেষণে ঘর থেকে বেরিয়ে পড়েছে।

মাটির পানপাত্র আম্মার জন্য জামশেদের পেয়ালার মতো,
আমি সেই পাত্রে তোমার ছবি প্রত্যক্ষ করি।

কোন দীনহীনের সঙ্গে সে কি করে
দৃষ্টি মিলাতে পারে,
যার মস্তিষ্ক গর্ব ও অহমিকায় পূর্ণ রয়েছে।

হৃদয়ের কলঙ্কে প্রস্ফুটিত হয় যে গোলাপ
তাতে হেমন্তের প্রভাব পড়ে না।
এসেই ফুল যা কোন বাগানে প্রস্ফুটিত হয় না।

রাগিব, তার গালের কালো তিলটির ছায়া পড়ে
হৃদয় কলঙ্কে প্রদীপ শিখার উজ্জলতার বান ডেকেছে।

دیگر

(۱۳)

آرزو باقی ہے دنیا سے چلا جاتا ہوں میں
شمع روشن ہے ابھی تک اور بجھا جاتا ہوں میں

خاک ہونے پر بھی منزل کی ہے باقی جستجو
شوق میں دوش ہوا پر اب اُڑا جاتا ہوں میں

کم نگاہی کا اثر یا حسن کا اعجاز ہے
بارہا دیکھا ہے پھر بھی دیکھتا جاتا ہوں میں

سننے والے میری بابت سونچتے جاتے ہیں کچھ
بیخودی میں کیا خبر کیا کیا سنا جاتا ہوں میں

نقش باطل کی طرح مٹ کر طریق عشق میں
درس عبرت ساری دنیا کو بتا جاتا ہوں میں

بارہا راغب پلٹ آتا ہوں بزم ناز سے
مدعائے دل سنانے بارہا جاتا ہوں میں

(১৩)

বাসনা অপূর্ণ রয়ে গেল ; চলে যাচ্ছি দুনিয়া থেকে,
প্রদীপ এখনও জ্বলছে, আমি তাকে নিভিয়ে দিচ্ছি।

মাটি হয়ে গেছি তবু প্রিয়-মঞ্জিলের অন্বেষণ
অব্যাহত রয়েছে,
বাসনার আতিশয্যে বাতাসের পিঠে চড়ে উড়ে যাচ্ছি।

হ্রস্ব দৃষ্টি কিংবা সৌন্দর্যের মোহনীয় শক্তি, যাই হোক—
বার বার দেখছি, তবু দেখেই চলেছি।

শ্রোতারা কি আমার কথার তাৎপর্য তলিয়ে দেখছেন?
জানি না, আত্মাহারা অবস্থায় কি কি কথা আমি
শুনিয়ে যাচ্ছি।

অসম্পূর্ণ চিত্রের মতো প্রেমের পথে নিশ্চিহ্ন হয়ে
দুনিয়াবাসীকে বিস্ময়ের পাঠ দিয়ে যাচ্ছি।

হে রাগিব, কতবার আমি প্রেমের আসর থেকে
ফিরে ফিরে এসেছি,
তবু পুনরায় হৃদয়ের বাসনা নিবেদন করতে
কতবারই না সেখানে যেতে হয়েছে।

CamScanner

دیگر

(۱۴)

کھب جائیں جو نظر میں وہ دل ربائیاں ہیں
فتنے ہوں جس کی چالیں وہ کج ادائیاں ہیں

ہر ذرہ سے نمایاں جلوہ نمائیاں ہیں
مشکل سے بھی یہ مشکل عقدہ کشائیاں ہیں

تعبیر کر رہے ہیں ناداں برائیوں سے
جس عشق کی ادائیں سو دل ربائیاں ہیں

کچھ فرق ہے تو اتنا دو رخ ہیں آئینہ کے
تم میں جو خوبیاں ہیں مجھ میں برائیاں ہیں

سو صورتوں میں آنا آ آ کے دھوکے دینا
یہ دل فریبیاں ہیں یہ کج ادائیاں ہیں

رونق دہ تصور مستور ہے نظر سے
روپوشیاں ہیں اس کی یا رونمائیاں ہیں

عاشق تو مر مٹا ہے دلچسپیوں میں راغب
شیرینئی محبت کی وہ رکھائیاں ہیں

CamScanner

(১৪)

চোখে যারা লাগে তারাই প্রিয়া,
যাদের চলনে বিভ্রম তারাই লীলাময়ী।

প্রতিটি অণু থেকে যা বেরোয় তা জ্যোতি;
কঠিনতম কাজ হোল গ্রন্থি-মোচন।

যে প্রেমের ভঙ্গি চিত্তাকর্ষক
নির্বোধ তাকেই ব্যাখ্যা করছে মন্দ বলে।

আয়নার তুটো দিক পার্থক্য যে এতটুকুই—
তোমার মধ্যে যা ভাল তাই আমার মধ্যেন্দম ।

শত রূপে এসো, এসে চোখে জাগিয়ে তোল বিভ্রম,
এরই নাম হৃদয় ভোলানো, একেই বলে লীলাময়তা।

মধুর কল্পনা তো চোখের সামনে থেকে
অদৃশ্য হয়েছে,
একি তার মুখ লুকানো, না ঘোমটা উন্মোচন ?

হে রাগিব, প্রেমিক তো হৃদয় রঞ্জনের মধ্যেই
একেই তো বলে প্রেমের বিরস দিক।

খতম

CamScanner

CS CamScanner

BENGALI ACADEMY

CamScanner